NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

৪ রাজ্যে আর্থিক জোয়ার আসা অতি আবশ্যক

কথোপকথনে রামকমল মুখোপাধ্যায়ের বৃত্তান্ত ৮

কলকাতা ১৪ ফেব্রুয়ারি ২০২৫ ১ ফাল্গুন ১৪৩১ শুক্রবার অষ্টাদশ বর্ষ ২৪৪ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 14.02.2025, Vol.18, Issue No. 244 8 Pages, Price 3.00

অশান্ত মণিপুরে জারি হল রাষ্ট্রপতি শাসন

ইম্ফল, ১৩ ফেব্রুয়ারি: প্রায় দু'বছর ধরে অশান্তি কবলিত মণিপুরে অবশেষে জারি করা হল রাষ্ট্রপতি শাসন। কিছুদিন আগেই মণিপুরের মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়েছেন এন বীরেন সিং। তাঁর ইস্তফার পরে নতুন কোনও মুখ্যমন্ত্রীর নাম ঘোষণা করতে পারেনি বিজেপি। এই অচলাবস্থার মাঝে বৃহস্পতিবার মণিপুরে রাষ্ট্রপতির শাসন জারি করা হয়েছে।

গত ৯ ফেব্রুয়ারি মণিপুরের মুখ্যমন্ত্রীর পদে ইস্তফা দেন বীরেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে বৈঠকের পর ইম্ফলে ফিরেই মুখ্যমন্ত্রিত্ব ছাড়ার সিদ্ধান্তের কথা ঘোষণা করেন তিনি। গত রবিবার ইম্ফলে মণিপুরের রাজ্যপাল অজয়কুমার ভল্লার সঙ্গে দেখা করে পদত্যাগপত্র জমা দেন বীরেন। তাঁর ইস্তফার পর মণিপুরে সরকার পরিচালনার জন্য নতুন কোনও মুখকে মুখ্যমন্ত্রী হিসাবে বেছে নিতে পারেনি বিজেপি।

বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রক থেকে একটি সরকারি বিজ্ঞপ্তিতে মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারির কথা জানানো হয়। বিজ্ঞপ্তিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর

বয়ানে লেখা রয়েছে, 'আমি মণিপুরের রাজ্যপালের থেকে রিপোর্ট পেয়েছি। ওই রিপোর্ট দেখে এবং অন্য তথ্যগুলির ভিত্তিতে আমার মনে হয়েছে, সংবিধান অনুসারে সেখানে সরকার চালানো সম্ভব হচ্ছে না।'

বীরেনের ইস্তফার পর মণিপুরে নতুন মুখ্যমন্ত্রী বাছার জন্য যথেষ্ট চেষ্টা চালিয়েছে বিজেপি। উত্তরপূর্বে বিজেপির দায়িত্বে থাকা সম্বিত পাত্র বেশ কয়েক দফা বৈঠক করেছেন সে রাজ্যের বিধায়কদের সঙ্গে। গত দু'দিনে রাজ্যপাল ভাল্লার সঙ্গে দু'দফায় বৈঠকও সেরেছেন সম্বিত। গত মঙ্গলবার বিজেপির রাজ্য সভাপতি এ সারদা দেবীকে নিয়ে রাজ্যপালের সঙ্গে বৈঠক করেন সম্বিত। বুধবার আবার দেখা করতে যান রাজ্যপালের সঙ্গে। তবে নতুন মুখ্যমন্ত্রীর নাম চূড়ান্ত করতে পারেননি বিজেপি নেতৃত্ব।

গত দেড় বছরেরও বেশি সময় ধরে তপ্ত রয়েছে মণিপুর। ২০২৩ সালের মে মাসে প্রথম মেইতেই এবং কুকি-জো সম্প্রদায়ের মধ্যে হিংসা ঘিরে উত্তপ্ত হয়ে ওঠে সে রাজ্যের পরিস্থিতি। মাঝে কিছু দিন বিরতির পর গত বছরের সেপ্টেম্বর মাসে মেইতেই ও কুকি জনগোষ্ঠীর মধ্যে নতুন করে সংঘর্ষ শুরু হয়। জ্বালিয়ে দেওয়া হয় একাধিক বাড়িঘর। দফায় দফায় সংঘর্ষ চলে মণিপুরের বিস্তীর্ণ এলাকা জুড়ে। মুখ্যমন্ত্রীর পাশাপাশি রাজ্যের বেশ কয়েক জন বিধায়কের বাড়িতেও হামলা চালায় উন্মত্ত জনতা।

পরিস্থিতি সামলাতে মণিপুরের বেশ কিছু জেলায় কার্ফু জারি করা হয়। বন্ধ করে দেওয়া হয় ইন্টারনেট পরিষেবাও। বিভিন্ন সরকারি ও বেসরকারি সূত্র মতে, মণিপুরে এ পর্যন্ত কয়েকশো মানুষের মৃত্যু হয়েছে। গৃহহীন আরও অনেকে। পরিস্থিতি নিয়ন্ত্রণে মুখ্যমন্ত্রীর ভূমিকা নিয়ে অতীতে বার বারই প্রশ্ন উঠেছে। মণিপুরের উদ্ভূত অশান্তির কারণে গত বছরের শেষ দিনে মণিপুরবাসীর কাছে প্রকাশ্যে ক্ষমাও চেয়েছিলেন বীরেন। সঙ্গে আশ্বাস দিয়েছিলেন, ২০২৫ সালে রাজ্যে স্বাভাবিকতা ফিরবে।

অপরাজিতা বিল: রাষ্ট্রপতির দরবারে

■ আরজি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ-খুনের ঘটনার পরই রাজ্যে নারী নির্যাতন রুখতে বিধানসভায় 'অপরাজিতা বিল' পাশ করিয়েছে সরকারপক্ষ। রাজ্যপালের কাছে তা সইয়ের জন্য পাঠানো হলে তিনি রাষ্ট্রপতির দরবারে পাঠান। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু স্বাক্ষর না করলে বিল কার্যকর করা সম্ভব হচ্ছে না। বিলে সইয়ের জন্য এবার রাষ্ট্রপতির উপর 'চাপ' বাড়ানোর কৌশল নিল তৃণমূল কংগ্রেস। বৃহস্পতিবার দুপুরে দলের ৯ মহিলা সাংসদ-সহ ১১ জনের প্রতিনিধি দল গেল রাইসিনা হিলসে। সেখানে রাষ্ট্রপতি মুর্মুর সঙ্গে দেখা করে তাঁকে বিলের গুরুত্ব বোঝালেন মহুয়া মৈত্র, দোলা সেন, প্রতিমা মণ্ডলরা। আবেদন জানালেন দ্রুত স্বাক্ষরের।

অসম এসটিএফের জালে এবিটি সদস্য

■ ফের 'অপারেশন প্রঘাতে'র বড়সড় সাফল্য। অসম এসটিএফের জালে আরও এক জঙ্গি। তাকে চেন্নাই থেকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃত আনসারুল্লা বাংলা টিমের সদস্য বলেই খবর। ধৃত আবু সালাম আলি। ধুবরির বিলাসিপাড়ার বাসিন্দা সে। গোপন সূত্রে খবর পাওয়া যায়, চেন্নাইতে গা ঢাকা দিয়ে রয়েছে সে। তাই সেখানে হানা দেন তদন্তকারীরা। হাতেনাতে পাকড়াও করে তাকে। ধৃত আনসারুল্লা বাংলা টিমের সদস্য বলেই জানা গিয়েছে।

'সাইবার শক্তি' অভিযানে গ্রেপ্তার ৪৬ জন

■ জামতাড়ার প্রতারক দল এখন এ রাজ্যে বাড়ি ভাড়া নিয়ে পেতে বসছে প্রতারণার ফাঁদ। তাঁদের খোঁজে শুরু হয়েছে রাজ্য পুলিশের 'সাইবার শক্তি' অভিযান। সম্প্রতি জামতাড়া গ্যাংয়ের সঙ্গে জড়িত সন্দেহে ঝাড়খণ্ড লাগোয়া অঞ্চলগুলি থেকে ৪৬ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। হুগলি, পশ্চিম বর্ধমানের আসানসোল এবং পূর্ব বর্ধমানের কিছু এলাকা থেকে সম্প্রতি প্রতারণার বিভিন্ন অভিযোগ উঠে আসছিল। গত এক মাসে প্রায় ২৫০টি অভিযোগ জমা পড়ে। ঘন ঘন এত অভিযোগ আসতে থাকায় পদক্ষেপ করে পুলিশ। প্রতারকদের খোঁজে শুরু হয় 'সাইবার শক্তি' অভিযান। প্রথমে বীরভূমের খয়রাশোল থেকে গ্রেপ্তার করা হয় তিন জনকে। ধীরে ধীরে গ্রেপ্তারির সংখ্যা বৃদ্ধি পেতে পেতে হয় ৪৬। পুলিশের দাবি, এদের প্রত্যেকেরই যোগ রয়েছে জামতাড়া গ্যাংয়ের সঙ্গে। বাজেয়াপ্ত হয়েছে ৮৪টি মোবাইল, ৮৪টি সিমকার্ড, দু'টি ল্যাপটপ, একশোর বেশি ভুয়ো ব্যাঙ্ক অ্যাকাউন্ট এবং ডেবিট কার্ড। কোন কোন অঞ্চল থেকে অভিযুক্তদের গ্রেপ্তার করা হয়েছে, তা তদন্তের স্বার্থে এখনই প্রকাশ্যে আনছে না পুলিশ। রাজ্য পুলিশের এডিজি (দক্ষিণবঙ্গ) সুপ্রতিম সরকার জানান, অভিযান এখনও চলবে। আরও একাধিক গ্রেপ্তারির সম্ভাবনা রয়েছে। এডিজি (দক্ষিণবঙ্গ) বলেন, 'জামতাড়া গ্যাং বর্তমানে বিভিন্ন জায়গায় ছড়িয়ে যাচ্ছে। রাজস্থান, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়-সহ বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়ছে। তার মধ্যে পশ্চিমবঙ্গও রয়েছে। জামতাড়ার কথা এখন আমরা সবাই জেনে গিয়েছি। সেখানে সাইবার প্রতারণার একটি কুটিরশিল্প গড়ে উঠেছে। দেশে সাইবার প্রতারণার রাজধানী হয়ে উঠেছে এলাকাটি। সেই জন্য পুলিশের নজর এড়াতে তারা বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়ছে। পশ্চিমবঙ্গেও তারা বিভিন্ন গ্যাংয়ে ছড়িয়ে প্রবেশ করার চেষ্টা করছিল।' তিনি জানান, পশ্চিমাঞ্চলের ঝাড়খণ্ড সংলগ্ন এলাকাগুলিকে প্রতারকেরা বেছে নিয়েছিল, কারণ উত্তরবঙ্গ বা দক্ষিণবঙ্গের তুলনায় এটি অনেক বেশি সুবিধাজনক ছিল। জামতাড়া থেকে সেখানে আসা এবং ফিরে যাওয়ার ক্ষেত্রে পশ্চিমাঞ্চলটিই সুবিধাজনক ছিল অভিযুক্তদের কাছে। সুপ্রতিম বলেন, 'প্রায় কয়েক কোটি টাকার প্রতারণা হয়েছে। এই টাকা যাতে মানুষ ফেরত পান, সেই প্রক্রিয়া শুরু হয়েছে।' পুলিশ জানিয়েছে, এই প্রতারকেরা বিভিন্ন ধরনের ফাঁদ পেতে রাখত শিকারের জন্য। তালিকায় রয়েছে, ফিশিং (তথ্য হাতিয়ে প্রতারণা), ওটিপি জালিয়াতি, ভুয়ো বিনিয়োগের টোপ, সেক্সটরশন, গ্যাসের ভর্তুকির নামে প্রতারণা, শেয়ার বাজারে বিনিয়োগের টোপ-সহ আরও বিভিন্ন ধরনের জালিয়াতি।

লোকসভায় পেশ আয়কর বিল

বিরোধী হট্টগোলে মুলতুবি অধিবেশন

নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি: লোকসভায় পেশ হল বহু প্রতীক্ষিত আয়কর বিল। বৃহস্পতিবার দুপুরে বিলটি পেশ করেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ। সঙ্গে সঙ্গে এই বিলের প্রতিবাদে সুর চড়ান বিরোধী দলের সাংসদরা। তৃণমূল সাংসদ সৌগত রায় সাফ জানান, আগের তুলনায় আরও অনেক জটিল এই নতুন বিল। লোকসভায় শুরু হয় হট্টগোল। শেষ পর্যন্ত লোকসভার অধিবেশন মুলতুবি হয়ে যায়। আগামী ১০ মার্চ সকাল ১১টায় ফের শুরু হবে লোকসভার অধিবেশন। আয়কর বিল আপাতত পাঠানো হবে সিলেক্ট কমিটিতে।

১৯৬১ সালের আয়কর আইনে পরিবর্তন করবে নতুন বিল। বৃহস্পতিবার এই বিল পেশ করে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেন, 'আয়কর আইনের ধারা কমিয়ে ৫৩৬-এ নামিয়ে আনা হবে।' আয়করের নিয়ম সরল করবে নতুন বিল, এমনটাই মত কেন্দ্রীয় অর্থমন্ত্রীর। যদিও একেবারে উলটো মত বিরোধীদের। তৃণমূল সাংসদ সৌগত

রায় বলেন, 'পেশ হওয়ার সঙ্গে সঙ্গে এই বিলের প্রতিবাদ করেছি। কারণ নতুন বিলে কোনও সুবিধা হবে না। আগের বারের থেকে অনেক বেশি জটিল এই বিল।'

১ ফেব্রুয়ারি বাজেট পেশ করার সময়ই কেন্দ্রীয় অর্থমন্ত্রী জানিয়েছিলেন, আগামী সপ্তাহে সংসদে নতুন আয়কর বিল আনবে সরকার। যেখানে বর্তমানে দেশে চলা আয়কর আইন, ১৯৬১-র অনেক সরলীকরণ করা হবে। অর্থনৈতিক বিশেষজ্ঞদের ধারণা, এর ফলে কমে যাবে বর্তমানে চালু থাকা আইনের অন্তত ৬০ শতাংশ জটিলতা। কমে যাবে অনেক আইনি কচকচানি। ফলে অনেক সহজ উপায়ে কোনও বিশেষজ্ঞ ছাড়াই আয়কর দাখিল করতে পারবেন করদাতারা।

বাজেটের দিনই অর্থমন্ত্রী জানিয়েছিলেন, নয়া বিলে দেশবাসীর প্রতি 'ন্যায়' করা হবে। বর্তমানে চালু থাকা আইনের নানা অধ্যায় ও শব্দাবলিকে কমিয়ে কার্যত অর্ধেক করে দেওয়া হবে।

বৃহস্পতিবার দিল্লিতে উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের সঙ্গে সাক্ষাৎ করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

দিল্লির ভোট নিয়ে মমতার সঙ্গে সহমত নন অভিষেক

নিজস্ব প্রতিবেদন: দিল্লিতে আপ-কংগ্রেস জোট হলে ফলাফল অন্যরকম হতে পারত। বিজেপি-বিরোধী 'ইন্ডিয়া' মঞ্চের দুই শরিকের মধ্যে সমন্বয়ের অভাবের কারণেই রাজধানীতে অরবিন্দ কেজরিওয়ালের সরকারের পতন হয়েছে বলে প্রাথমিক ভাবে মতামত দিয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। তৃণমূলনেত্রীর ওই বক্তব্যের সঙ্গে সহমত পোষণ করলেন না দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর বক্তব্য, দিল্লিতে আপ-কংগ্রেস জোট হলেও খুব একটা লাভ হত না। মেরেকেটে চার-পাঁচটি আসনে ফল অন্যরকম হত। এর বেশি কিছু নয়। ২৭ বছর পর দিল্লি বিধানসভায় ক্ষমতায় ফিরেছে বিজেপি। রাজধানীর ভোটে ৭০টি আসনের মধ্যে ৪৮টিতে জিতেছে তারা। আপ ২২টিতে। কংগ্রেস খাতাই খুলতে পারেনি। গত শনিবার ভোটের ফল প্রকাশের পর আনুষ্ঠানিকভাবে কিছু না বললেও সোমবার বিধানসভায় পরিষদীয় দলের বৈঠকে দিল্লি ভোট নিয়ে মমতার বক্তব্য ছিল, দিল্লি নির্বাচনে কয়েক শতাংশ ভোট বেশি পেয়ে জিতেছে বিজেপি। কংগ্রেস 'নমনীয়' হয়ে আপের সঙ্গে জোট করলে এমনটা হত না। ওই বৈঠকেই হরিয়ানার ভোটের প্রসঙ্গও

টেনেছিলেন তৃণমূলনেত্রী। তাঁর বক্তব্য ছিল, হরিয়ানায় আপ কংগ্রেসের সঙ্গে যা করেছে, দিল্লিতে কংগ্রেস তা-ই করেছে আপের সঙ্গে। কংগ্রেস-আপ পরস্পরের সঙ্গে সমন্বয় করে না-চলার ফলেই দুই রাজ্যে বিজেপি তার ফয়দা তুলেছে বলে অভিমত প্রকাশ করেছিলেন মমতা। প্রসঙ্গত, দিল্লি ভোটের ফলাফল বিশ্লেষণ করেও দেখা গিয়েছে, আপ এবং কংগ্রেসের ভোট কাটাকাটির ফলে ১৪টি আসনে জিতে গিয়েছে বিজেপি। তবে রাজনৈতিক মহলের অনেকের মতে, ভোটের পাটিগণিত এত সরলরেখায় সব সময় চলে না। আপ-কংগ্রেস জোট হলে বিজেপি কী কৌশল নিত, তা-ও দেখার ছিল। অভিষেকের মতে, 'দিল্লিতে আপ-কংগ্রেসের জোট হলেও খুব বেশি লাভ হত বলে আমার মনে হয় না। চার-পাঁচটা আসনে ফারাক অবশ্যই হতে পারত। আপনি একা লড়ুন বা কারও সঙ্গে জোট করে লড়ুন, দেখতে হবে, জনতা আপনার সঙ্গে আছে কি না। দিল্লির মানুষের মনে হয়েছিল, এ বার বদল দরকার। আর গণতন্ত্রে মানুষের মতামতই সবচেয়ে গুরুত্বপূর্ণ।' ডায়মন্ড হারবারের সাংসদের আরও বক্তব্য, বিজেপি আপের বিরুদ্ধে যে প্রচার করেছিল, কেজরিওয়ালের দল তার পাল্টা 'ভাষ্য' তুলে ধরতে পারেনি মানুষের কাছে। সে কারণেই পরাজয়। তাঁর কথায়, 'বিজেপি মিথ্যা প্রচারে ওস্তাদ। কিন্তু আপ পাল্টা ভাষ্য (কাউন্টার ন্যারেটিভ) মানুষের কাছে নিয়ে যেতে পারেনি।' এ প্রসঙ্গে বাংলার উদাহরণও দিয়েছেন অভিষেক। তাঁর কথায়, 'বাংলাতেও বিজেপি একই চেষ্টা করেছিল। ওরা বলেছিল, কেন্দ্র নাকি টাকা দিচ্ছে আর তৃণমূল সেই টাকা মানুষের কাছে পৌঁছে দিচ্ছে না। আমরা পাল্টা প্রচার করে বলেছিলাম, যদি টাকা দিয়ে থাকে, তা হলে শ্বেতপত্র প্রকাশ করুক। ওরা করেনি।' পাশাপাশিই অভিষেক বলেন, 'আমরা ৫০ লক্ষ মানুষের থেকে সই সংগ্রহ করেছিলাম। তার পরে দিল্লিতে মানুষের পাওনা চেয়ে আন্দোলন নিয়ে গিয়েছিলাম।'

মার্কিন মুলুকে মোদি-ট্রাম্পের হাতিয়ার শুল্ক বনাম সমঝোতা

কর নিয়ে ইঙ্গিতপূর্ণ পোস্ট ট্রাম্পের

ওয়াশিংটন, ১৩ ফেব্রুয়ারি: দু'দিনের জন্য মার্কিন সফরে গিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ফ্রান্স হয়েই সেদেশে পা দিয়েছেন তিনি। ডোনাল্ড ট্রাম্পের মার্কিন মসনদ পুনরুদ্ধারের পর এই প্রথমবার সেদেশে গেলেন প্রধানমন্ত্রী। সংবাদমাধ্যম সূত্রে খবর, রাতেই হয়তো টেসলা কর্তা ইলন মাস্কের সঙ্গে বৈঠকে বসার কথা তাঁর। একান্ত বৈঠক করবেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গেও। এর মধ্যেই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সাক্ষাতের আগে কর নিয়ে ইঙ্গিতপূর্ণ পোস্ট করেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। জানান, তিনি কর নিয়ে কিছু গুরুত্বপূর্ণ নির্দেশিকা জারি করতে চলেছেন। মোদির সঙ্গে সাক্ষাতের দিনেই হোয়াইট হাউস থেকে এই নির্দেশিকা জারি করা হবে। ভারতীয় সময় অনুযায়ী বৃহস্পতিবার রাত সাড়ে ১১টায় হবে ঘোষণা।

নিজের সমাজমাধ্যমে ট্রাম্প লিখেছেন, 'তিনটি দারুণ সপ্তাহ কাটল। হয়তো এই তিন সপ্তাহ সর্বকালের সেরা। কিন্তু আজ বড় একটা দিন পারস্পরিক শুল্ক আরোপ! আমেরিকাকে আবার মহান করে তুলতে হবে।' পারস্পরিক শুল্ক আরোপের কথা আগেই ঘোষণা করেছিলেন ট্রাম্প। এই শুল্কের অর্থ হল, যে দেশ আমেরিকার পণ্যের উপর শুল্ক আরোপ করবে, সেই দেশের পণ্যের উপরেও পাল্টা কর চাপাবে আমেরিকা। চলতি সপ্তাহের এই শুল্কের বিস্তারিত নির্দেশিকা জারি করা হবে বলে জানিয়ে রেখেছিলেন ট্রাম্প। তা নিয়েই এ বার পোস্ট করলেন।

২০ জানুয়ারি আমেরিকার প্রেসিডেন্ট হিসাবে শপথ নিয়েছেন ট্রাম্প। তার পর থেকে একাধিক দেশের উপর শুল্ক আরোপের ঘোষণা করেছেন। প্রতিবেশী কানাডা এবং মেক্সিকোর উপর ২৫ শতাংশ শুল্ক আরোপের কথা জানিয়েছিলেন ট্রাম্প। ওই দুই দেশের অবৈধ অভিবাসী সংক্রান্ত সমস্যার পাল্টা হিসাবে এই কর আরোপ করেছিলেন তিনি। পরে কানাডা এবং মেক্সিকো জানায়, তারা অভিবাসী সমস্যার সমাধানের চেষ্টা করছে। এর পর শুল্ক আরোপের সিদ্ধান্ত ১ মার্চ পর্যন্ত স্থগিত রেখেছে ওয়াশিংটন।

ট্রাম্পের বাণিজ্য নীতি অনুযায়ী, শুল্ক আরোপের ক্ষেত্রে কোনও দেশকে রেয়াত করা হবে না। তাঁর কথায়, 'ওরা যদি আমাদের থেকে টাকা নেয়, আমরাও ওদের থেকে টাকা নেব। পাল্টা দেওয়ার সময় এসে গিয়েছে।' কোন কোন দেশের উপর ট্রাম্প এই কর চাপাবেন, তা এখনও স্পষ্ট নয়। তবে তিনি এর আগে বলেছিলেন, 'কাউকে ছাড় দেওয়া হবে না।' ভারতকেও ট্রাম্প প্রশাসনের কোপের মুখে পড়তে হতে পারে বলে মনে করছেন অনেকে। কারণ, এর আগে ভারতের সঙ্গে বাণিজ্য এবং করের পরিমাণ নিয়ে ট্রাম্প অসন্তোষ প্রকাশ করেছিলেন। চার দিনের বিদেশ সফরে গিয়েছেন মোদি। ফ্রান্সে দু'দিন কাটানোর পর আমেরিকা পৌঁছেছেন বৃহস্পতিবার। শুক্রবার ট্রাম্পের সঙ্গে বৈঠক করার কথা তাঁর। শুল্ক এবং বাণিজ্য নীতি নিয়ে সেই বৈঠকে আলোচনা হতে পারে।

মোদি-ট্রাম্পের বৈঠকে একদম উপরেই রয়েছে শুল্ক আলোচনা। বিশ্ব বাজারে বরাবর ভারতকে শুল্কের রাজার তকমা দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। কিন্তু, সেই সব এখন অতীত। সম্প্রতি, কেন্দ্রীয় বাজেটেই বিশেষ করে আমেরিকান মোটরসাইকেলে শুল্ক কমিয়েছে ভারত।

এরপর দুয়ের পাতায়

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

নাম-পদবী

গত ১২/০২/২০২৫ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ১১৬৬ নং এফিডেভিট বলে Subha Singh S/o. Shankar Singh ও Subodh Singh S/o. Sankar Singh R/o. Bele Bejpara, Mahanad, Pandua, Hooghly-712147 সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

NAME CHANGE

I **Zehra Izhaar / Zehra Unsa Izhaar** daughter of Syed Izhaar Ul Haque residing at 41-B Lower Range, Kolkata-700019 have changed my name after marriage and shall henceforth be known as **Zehra Izhaar Quader** as declared before the First Class Magistrate South 24 Parganas, Sealdah Court vide affidavit no. 143 dated 07.02.2025. **Zehra Izhaar / Zehra Unsa Izhaar and Zehra Izhaar Quader** are same and identical person.

NAME CHANGE

I **Arun Kumar Gupta** son of Late Shyam Lal Gupta residing 110/H/14, Elliot Road, Kolkata-700016 was also known as **Arun Gupta.** Henceforth I shall be known as **Arun Kumar Gupta** as declared before the First Class Magistrate South 24 Parganas, Sealdah Court vide affidavit no. 144 dated 07.02.2025. **Arun Kumar Gupta** and **Arun Gupta** are same and identical person.

নাম-পদবী

LICI পলিসি নং 427277418 -এতে আমার নাম Rafiuddin আছে। গত ০৬/১২/২০২৪ বহরমপুর SDEM(S) কোর্টের এফিডেভিট বলে Rafikul Ansari এবং Rafiuddin এক এবং অভিন্ন ব্যক্তি বলে পরিচিত হলাম।

নাম-পদবী

আমি পলাশ সরকার পিতা- মৃত রাম কমল সরকার,ঠিকানা- গ্রাম + পোস্ট + থানা- মিনাখা,জেলা- উত্তর ২৪ পরগনা, পিন- ৭৪৩৪২৫।
আমার কন্যার বসিরহাট মিউনিসিপ্যালিটি প্রদত্ত জন্মের সংশয় পত্রের স্নিগ্ধা সরকার নামটি পরিবর্তন করে সৌরশ্রী সরকার করিবার জন্য গত ইংরেজির /১২/২/২০২৫ তারিখে বসিরহাট ফাস্ট ক্লাস জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের কোর্টে ২৭৭৮নং -এফিট এভিট এ ঘোষণা করিয়াছি। এখন হইতে সর্বত্র সৌরশ্রী নামে পরিচিত হইবে।

CHANGE OF NAME

I, Sk Raj Anish, S/O-Sk Abdul Hanif residing at Vill-Guma Barabamunia, PO-Guma, PS-Ashokenagar, Dist-North 24 Prgs that I am swearing affidavit vide No 1155 before in the Court of Ld. Judicial Magistrate 1st Class (2nd J.M.) for the rectification my DOB as 05.08.1995 in place of 04.03.1995. my actual DOB is 05.08.1995.

নাম-পদবী

আমি Saidul Ansari, পিতা Nasiruddin Karikar, কিন্তু ভুলবশতঃ LIC পলিসি নং 427957235 -এতে আমার নাম Ripan Ansary, পিতা- Nasiruddin Ansary আছে। গত ৭/২/২০২৫ বহরমপুর SDEM(S) কোর্টের এফিডেভিট বলে Saidul Ansari, S/o. Nasiruddin Karikar এবং Ripan Ansary, S/o- Nasiruddin Ansary এক এবং অভিন্ন ব্যক্তি বলে পরিচিত হইলাম।

।। ভ্রম সংশোধন ।।

জেলা হুগলী, মোকাম চন্দননগর ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত
এ্যাট ৩৯ কেস নং -৩৭/২০২৩

দরখাস্তকারিনী: - শামীমা খাতুন ও দীগর। বিগত ইংরাজীর ০৩/০৯/২০২৪ তারিখে এই 'একদিন' সংবাদ পত্রে ২নং পৃষ্ঠায় ৭নং কলমে প্রকাশিত বিজ্ঞপ্তির ২১নং লাইনে উক্ত দরখাস্তকারিনী নং ১ এর স্বামী এবং দরখাস্তকারি নং ২ ও ৩ এর পিতা মৃত মহঃ সাহাজাদা মহাশয়ের মৃত্যুর তারিখ ভ্রম বশত: ইংরাজীর ২০/০৮/২০২২ প্রকাশিত হইয়াছে, উক্ত স্থানে মৃত্যুর সঠিক তারিখ ইংরাজীর ২০/০৪/২০২২ প্রকাশিত হইবে ও পড়িতে হইবে। অনিচ্ছাকৃত ছাপাগত ভ্রমের জন্য দুঃখিত।

।। বিজ্ঞপ্তি ।।

আমমোক্তার নামা

শ্রী মনোজ বেরা পিতা শ্রী জয়দেব বেরা সাকিম গোপাল নগর, হড়হড়িয়া রেনিগেট, সিঙ্গুর, হুগলী মহাশয় বিগত ইং 15/09/2009 তারিখে ডি.এস.আর-I, চুঁচুড়া, হুগলী, অফিসে রেজিষ্ট্রীকৃত IV-0234/2009 নং আমমোক্তারনামা দলিল মূলে আমাকে (**শ্রী মুক্ত রায়** পিতা ৺নিমাই চন্দ্র রায় সাকিম ২৭/এ ভট্টাচার্য্য গার্ডেন রোড, নবগ্রাম, শ্রীরামপুর, হুগলী) ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন ও উক্ত আমমোক্তারনামা বলে আমি নিম্নোক্ত তপশীল বর্ণিত সম্পত্তি সাফ বিক্রয় কোবালা পত্র দলিল মূলে বিক্রয় করিতেছি/করিয়াছি।
তপশীল – জেলা হুগলী, থানা পোলবা, মৌজা পায়রাডাঙ্গা, হাল ৭৮ নং জে.এল ভুক্ত, হাল এল.আর. ৩২০ (মহিতোষ পাত্র) নং খতিয়ানে, সাবেক তথা হাল এল.আর. ৩৫৫ নং দাগে শালি জমি ষোল আনায় ৯৯ শতক মধ্যে ৫৩ শতক সম্পত্তি অত্র দলিলে আমমোক্তারকৃত সম্পত্তি হইতেছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, আমি উক্ত আমমোক্তারকৃত সম্পত্তি বিক্রয় করিবার পর বর্তমান ক্রেতাগণ তাহাদের খরিদা সম্পত্তি নিজ নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল এ্যান্ড এল.আর.ও পোলবা-দাদপুর ব্লক অফিসে আবেদন করিতে পারিবেন। ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ঠ অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে।
ইতি-**শ্রী মুক্ত রায়**
আমমোক্তার

হারানো বিজ্ঞপ্তি

আমি ইয়াসিন মন্ডল, পিতা- মজিবর মন্ডল, নিবাস গ্রাম-সাতঘোরি, পোষ্ট-জেজুর, থানা-হরিপাল, জেলা-হুগলী, পিন-৭১২৪০৫, মোবাইল নং.-৭৩১৯০৪৪৪৩৬, আমার আসল নথিবদ্ধ দলিলটি হারিয়ে গেছে হরিপাল বাজারে, যার নং. ৭৬/ ২০১৪, এ.ডি.এস.আর. হরিপাল, এল.আর. দাগ দাগ নং. ২৩৪। এই বিষয়ে হরিপাল থানায় একটি সাধারণ ডায়েরি লিপিবদ্ধ করা হয়েছে, যার জি.ডি.ই. নং. হল ৩৪৯, তারিখ ০৭.০২.২০২৫। যদি কেউ উপরোক্ত বর্ণিত দলিলটি পেয়ে থাকেন তাহলে উপরোক্ত ঠিকানায় ফিরিয়ে দিলে উপকৃত থাকব।

আমার মক্কেল শ্রী বিশাল জয়সোয়াল, পিতা-উত্তম জয়সোয়াল মহাশয় গত ইং ২৭.০১.২০২৫ তারিখে হাওড়া এ্যাডিঃ ডিঃ সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং-১, ভ্যলুম নং-০৫০২-২০২৫, পাতা নং-২১৮৭৬ হইতে ২১৮৯৯, বিয়িং নং-০৫০২০০৬৫৫ নং পাওয়ার অফ এ্যাটর্নী বা আমমোক্তার নামা দলিল বলে ১। শ্রী রাজ কিষাণ সাউ, ২। রবীকান্ত সাউ, উভয়ের পিতা-রমেশ প্রসাদ সাউ, সাং-৩৫৭/ ৭ বেলিলিয়াস রোড মহাশয়দ্বয়ের নিকট হইতে কোনা মৌজার জে.এল. নং-১০৭, হাল ৬৬০৯ ও ৬৬১০ খতিয়ানে সাবেক ১২৯০ নং হাল ১৩৩১ নং দাগে ২ ছটাক জমি ও সাবেক ১২৯১ নং হাল ১৩৩২ নং দাগে ১ কাঠা ১৪ ছটাক জমি সর্বমোট ২ কাঠা জমি বিক্রয় করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। উক্ত বিষয়ে কারোর কোনও প্রকার আপত্তি থাকিলে বালি-জগাছা বি.এল. এ্যান্ড এল.আর.ও. অফিসে যোগাযোগ করিবেন।

।। বিজ্ঞপ্তি ।।

জেলা- হুগলী, মোকাম চন্দননগর ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত
এ্যাক্ট ৩৯ কেস নং -৩০/২০২৪(সাকসেশান)

দরখাস্তকারি: মহঃ সাকিল পিতা মৃত ওলি মহঃ ওরফে ওলি মহম্মদ সাং - ৪০২, আর.বি.এস রোড চাঁপদানী, পো:-বৈদ্যবাটী, থানা-ভদ্রেশ্বর, জেলা- হুগলী, পিন - ৭১২২২২ ।
এতদ্বারা সর্ব্বসাধারণকে জানানো যাইতেছে যে, উক্ত দরখাস্তকারির পিতা- মৃত ওলি মহঃ ওরফে ওলি মহম্মদ পিতা- মৃত আব্দুল আজিজ, সাং - ৪০২, আর.বি.এস রোড চাঁপদানী, পো:-বৈদ্যবাটী, থানা-ভদ্রেশ্বর, জেলা-হুগলী, পিন - ৭১২২২২ ঠিকানায় বিগত ইংরাজীর ২১.০৩.২০২১ তারিখে পরলোক গমন করিয়াছেন। নর্থ ব্রুক জুট কোম্পানি লিমিটেড, এ্যাট ১, জি.টি রোড, চাঁপদানী, পো:-বৈদ্যবাটী, থানা-ভদ্রেশ্বর, জেলা-হুগলী, পিন – ৭১২২২২ কর্তৃক উক্ত দরখাস্তকারির পিতার জীবদ্দশায় তাঁহার ত্যক্ত উক্ত জুটমিলের গ্রাচুইটি বাবদ ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা গচ্ছিত রহিয়াছে। যাহার (Rec. No.MO/2025 and C. No. 08/1087) হইতেছে। তাহা সুদসহ পাইবার জন্য উক্ত দরখাস্তকারি অত্র আদালতে সাকসেশান সার্টিফিকেট গ্রহন করিবার মর্মে দরখাস্ত করিয়াছেন। ইহাতে কাহারোও কোনো আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অত্র আদালতে হাজির হইয়া জানাইবেন । নচেৎ একতরফা শুনানী হইবে।
দেও কুমার প্রসাদ (এ্যাডভোকেট)
চন্দননগর আদালত ।
আদালতের আদেশানুসারে
সৌমেন ঘোষাল (সেরেস্তাদার)
ডিস্ট্রিক্ট ডেলিগেট চন্দননগর,১১.১২.২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, আমার মক্কেল শ্রী অরূপ কুমার পট্টনায়েক, পিতা-৺পুলিন বিহারী পট্টনায়েক, সাং ও পোঃ- নয়াগ্রাম, থানা- নয়াগ্রাম, জেলা- ঝাড়গ্রাম, পশ্চিমবঙ্গ, পিন- ৭২১১৫৯, ঝাড়গ্রাম জেলার অন্তর্গত নয়াগ্রাম থানাধীন নয়াগ্রাম মৌজাস্থিত জে. এল. নং- ১৪৩, খতিয়ান নম্বর- ১১৫৮ ভুক্ত রিভিজন্যাল ও হাল দাগ নম্বর- ২৮০ সহ মোট ১৪ টি দাগে সর্বমোট ৭.৯১৭ ডেসিমেল ভূমি জমির মালিক শ্রীমতী অর্চনা ইন্দুভূষণ দাস প্রকাশিত অর্চনা দাস এর পক্ষে গত ইং- ০৩/০৯/২০২১ তারিখের মহারাষ্ট্র রাজ্যের মুম্বাই জেলার কুড়লা সাব-রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রিকৃত ১৬২৪১ নং আমমোক্তারনামা পত্র মূলে নিযুক্ত আমমোক্তার শ্রী অসীম কুমার পট্টনায়েক, পিতা- ৺পুলিন বিহারী পট্টনায়েক, সাং ও পোঃ- নয়াগ্রাম, থানা- নয়াগ্রাম, জেলা- ঝাড়গ্রাম, পশ্চিমবঙ্গ, পিন- ৭২১১৫৯ এর নিকট হইতে গত ইং-১৬/০৩/২০২৩ তারিখের গোপীবল্লভপুর, অ্যাডিশন্যাল সাব-রেজিস্ট্রি অফিসের রেজিস্ট্রিকৃত ১০৪৪/২০২৩ নম্বর বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়াছেন ।
আমার উপরিউক্ত মক্কেল সমূহ ৭.৯১৭ ডেসিমেল ভূ-সম্পত্তির মিউটেশান এর জন্য বি. এল. এ্যান্ড. এল. আর. ও., নয়াগ্রাম অফিসে আবেদন করিয়াছেন। উক্ত ভূ-সম্পত্তি মিউটেশানের বিষয়ে কাহারো কোন আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে উপযুক্ত তথ্য সহ নিজ আপত্তি জানাইবেন, অন্যথায় কাহারো আপত্তি নাই বলিয়া আমার মক্কেল প্রয়োজনীয় কার্য্যাদি করিবেন।
সুমন সেন
এ্যাডভোকেট
এনরোলমেন্ট নম্বর-এফ/৩১৫/১৯৯৯
দেওয়ানী ও ফৌজদারী আদালত, ঝাড়গ্রাম

আমার মক্কেল ইবু ইমাম মল্লিক, পিতা-মরহুম সিদ্দিক হোসেন মল্লিক মহাশয় গত ইং ০৮.০৯.২০১৬ তারিখে হাওড়া ডিঃ সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং-৪, ভ্যলুম নং-০৫০১-২০১৬, পাতা নং-১৪২৫০ হইতে ১৪২৬৯, বিয়িং নং-০৫০১০০৮০৮ নং পাওয়ার অফ এ্যাটর্নী বা আমমোক্তার নামা দলিল বলে চামরাইল মৌজার জে.এল. নং-১০৫, হাল ১৩৩৯ নং খতিয়ানে সাবেক ১৪৪৪ নং দাগের হাল ১৫০৬ নং দাগে ৪ শতক হাল ১৩৬৪ নং খতিয়ানে সাবেক ১৪৪৪ নং দাগের হাল ১৫০৬ নং দাগে ৪ শতক ও হাল ৩৮৯ নং খতিয়ানে সাবেক ১৪৪৪ নং হাল ১৫০৬ নং দাগে ৫ শতক সর্ব্ব মোট ১৩ শতক জমি ১। ভূতনাথ মালিক, ২। মঙ্গল মালিক, ৩। ক্ষুদিরাম মালিক, সকলের পিতা-তুলসী মালিক মহাশয়গণদের নিকট হইতে বিক্রয় করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। উক্ত বিষয়ে কারোর কোনও প্রকার আপত্তি থাকিলে বালি-জগাছা বি.এল. এ্যান্ড এল.আর.ও. অফিসে যোগাযোগ করিবেন।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, আমার মক্কেলগণ ১) শ্রী অরূপ কুমার পট্টনায়েক ও ২) শ্রী অসীম কুমার পট্টনায়েক, উভয়পিতা- ৺পুলিন বিহারী পট্টনায়েক, সাং ও পোঃ- নয়াগ্রাম, থানা- নয়াগ্রাম, জেলা- ঝাড়গ্রাম, পশ্চিমবঙ্গ, পিন- ৭২১১৫৯, ঝাড়গ্রাম জেলার অন্তর্গত নয়াগ্রাম থানাধীন নয়াগ্রাম মৌজাস্থিত জে. এল. নং- ১৪৩, খতিয়ান নম্বর- ১১৫৬ ভুক্ত রিভিজন্যাল ও হাল দাগ নম্বর- ২৮০ সহ মোট ৩ টি দাগ এবং খতিয়ান নম্বর- ৪৩৮ ভুক্ত রিভিজন্যাল ও হাল দাগ নম্বর- ২৮৭ সহ মোট ৩টি দাগ অর্থাৎ দুটি খতিয়ানে মোট ৬ টি দাগে সর্বমোট ৩.২৩৩ ডেসিমেল ভূমি জমির মালিকগণ ১) শ্রীমত্যা গৌরী রানী মহান্তি, ২) শ্রীমতী বিথিকা মহাপাত্র, ৩) শ্রীমতী শুভ্রা পট্টনায়েক, ৪) শ্রীমতী লিপি পট্টনায়েক, ৫) শ্রীমতী ছবি রানী দাস, ৬) শ্রীমতী ইতু দাস এর পক্ষে গত ইং-, ০৬/০৯/২০২১ তারিখের ডি.এস. আর., ঝাড়গ্রাম অফিসে রেজিস্ট্রিকৃত ১৫৩১ নং আমমোক্তারনামা পত্র মূলে নিযুক্ত আমমোক্তার স্বরূপে এবং স্বয়ং পক্ষে শ্রী নয়নেন্দু পট্টনায়েক, পিতা- ৺শরদেন্দু পট্টনায়েক, সাং ও পোঃ- নয়াগ্রাম, থানা- নয়াগ্রাম, জেলা- ঝাড়গ্রাম, পশ্চিমবঙ্গ, পিন- ৭২১১৫৯ এর নিকট হইতে গত ইং- ১৬/০৩/২০২৩ তারিখের গোপীবল্লভপুর, অ্যাডিশন্যাল সাব-রেজিস্ট্রি অফিসের রেজিস্ট্রিকৃত ১০৪৩/২০২৩ নম্বর বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়াছেন।
আমার উপরিউক্ত মক্কেলগণ সমূহ ৩.২৩৩ ডেসিমেল ভূ-সম্পত্তির মিউটেশান এর জন্য বি. এল. এ্যান্ড. এল. আর. ও., নয়াগ্রাম অফিসে আবেদন করিয়াছেন। উক্ত ভূ-সম্পত্তি মিউটেশানের বিষয়ে কাহারো কোন আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে উপযুক্ত তথ্য সহ নিজ আপত্তি জানাইবেন, অন্যথায় কাহারো আপত্তি নাই বলিয়া আমার মক্কেলগণ প্রয়োজনীয় কার্য্যাদি করিবেন।
সুমন সেন
এ্যাডভোকেট
এনরোলমেন্ট নম্বর-এফ/৩১৫/১৯৯৯
দেওয়ানী ও ফৌজদারী আদালত, ঝাড়গ্রাম

NOTICE

Take notice that Complainant **Mrs. Santana Sihi**, wife of Late Barun Kumar Sihi, presently residing at C/o Mr. Bireswar Roy, Uma Apartment, Barabazaar, Barabazaar Main Road, P.O. & P.S. - Chandannagore, District - Hooghly, Pin- 712136 have filed one Consumer Complaint **Case No. 231/2024 before the District Consumer Disputes Redressal Forum, Hooghly at Chinsurah** against the Opposite party **Manager/Director of "Shantineer Old Age Care and Hospitality Limited"** having its office at :- (i) 54, Subhash Pally, Opposite ISI Bus Stop, Near Dunlop, Kolkata 700108 (ii) 19/1, Sreemani Para Lane, Kolkata 700036 and (iii) 2 No. Debighar, Monosha Bari Goli, P.O.- Madhyamgram, Dist- 24 Parganas (N), Pin - 700129 and that hearing of the said Complaint case will take place on **13.03.2025 at 10:30 A.M**. in the Forum and if no appearance is made on or before 13.03.2025 on behalf of the Opposite party in person, by pleader or by someone authorized by law to act on behalf, the said case will be heard and determined ex-parte.
Subhasis Chandra
Complainant's Advocate
By order of Court
Sd/- Registrar
District Consumer Disputes Redressal Commission, Hooghly

বিজ্ঞপ্তি

জেলা পশ্চিম মেদিনীপুর ২য় সিভিল জজ সিনিয়ার ডিভিসন আদালত
জে. মিস কেস নং ১/২০২৪ সন
দুর্গাশংকর কামিল্যা দীং
...দরখাস্তকারীগন।
-বনাম-
দেবব্রত কামিল্যা দীং
...প্রতিপক্ষগন।

প্রতি,
৪) গৌতম কামিল্যা পিতা-ঁ ভবানী শংকর কামিল্যা
৭) শ্রীমত্যা চম্পা কামিল্যা পিতা- ঁভবানী শংকর কামিল্যা,
৮) শ্রীমতী সুমিতা মন্ডল স্বামী - দীপক মন্ডল, সর্ব্ব সাং- পাইকপাড়ী, পোঃ- মাড়তলা, থানা- ডেবরা, জেলা- পশ্চিম মেদিনীপুর।
....বিবাদীগন / প্রতিপক্ষগন।

উপরোক্ত বিবাদীগনকে জানানো যাইতেছে যে, উপরোক্ত আদালতে উক্ত দরখাস্তকারীগন আপনাদের বিরুদ্ধে অত্র আদালতের T.S.No. 296/ 2020 নং মোকর্দ্দমার গত ইং ০৩.১০.২০২৩ তারিখের আদেশ Recall/Set aside করিবার প্রার্থনায় উপরোক্ত নং মিস কেস মোকর্দ্দমা উত্থাপন করিয়াছেন। উক্ত মিস কেস মোকর্দ্দমার বিরুদ্ধে আপনার/আপনাদের কোন আপত্তি থাকিলে অত্র নোটিশ বিজ্ঞপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্বয়ং অথবা উপযুক্ত উকিল বাবু গনের দ্বারা হাজির হইয়া কারন দর্শাইবেন, নতুবা আইন মোতাবেক কার্য্য করা হইবে। Next date 18.03.2025.
ইতি
অনুমত্যানুসারে-
সুপ্রিয় পাত্র
সেরেস্তাদার
২য় সিভিল জর্জ, সিনিয়র ডিভিসন, আদালত, পশ্চিম মেদিনীপুর জর্জকোর্ট,
পশ্চিম মেদিনীপুর, ১৬.০১.২৫

বিজ্ঞপ্তি

মোকাম লালবাগ সিভিল জজ আদালত (জুঃ ডিঃ) ডিস্ট্রিক্ট ডেলিগেট
মোঃ নং-মিস প্রবেট ৩/২০২৪

প্রতিপক্ষ-Bandana Sinha, W/O- Late Tapati Kumar Sinha. of Village & P.O.+P.S- Sundarnagar, Dist.-East Singhbhum. Jharkhand, Pin No.- 832107.
দরখাস্তকারী- অমল কুমার সিংহ, পিতা-মৃত ভুবন মোহন সিংহ, সাং-নেহালিয়া, পো ও থানা-জিয়াগঞ্জ, জেলা-মুর্শিদাবাদ যেহেতু দরখাস্তকারীর দিদি অধুনামৃত কনিকা সিংহ, পিতা-মৃত ভুবন মোহন সিংহ, সাং-নেহালিয়া, পো ও থানা-জিয়াগঞ্জ, জেলা-মুর্শিদাবাদের নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিষয়ে যে উইল দরখাস্তকারী বরাবর করিয়াছেন, তাহার প্রবেট লইবার জন্য, দরখাস্তকারী উপরোক্ত নং দরখাস্ত দাখিল করিয়াছেন। অতএব এতদ্বারা আপনাকে জানানো যাইতেছে যে, উক্ত দরখাস্তের বিরুদ্ধে আপনার কোন আপত্তি থাকিলে, তাহা আপনি অত্রাদালতে ইং ১৯.০৩.২৫ তারিখে হাজির হইয়া কারন দর্শাইবেন। অন্যথায় উক্ত দরখাস্তের একতরফা শুনানী হইবে।
অদ্য সন ২০২৪ সালের ২০/১২ তারিখে আমার সহি ও আদালতের শীলমোহর যুক্তমতে দেওয়া হইলো।

তপশীল

জেলা-মুর্শিদাবাদ, খতিয়ান নং- ১৩২ থানা-জিয়াগঞ্জ, দাগ নং- সা-১১০/৪০৫, হাল-৩১৯ সা-১১০/৪০৭, হাল-৩২২, মৌজা-নেহালিয়া রকম- বাড়ি ঐ, পরিমাণ- ০৩ শতক মধ্যে ১.৫ শতক। ০১ শতক মধ্যে ০.৫ শতক। মোট ৪ শতক মধ্যে ০২ শতক।
আদালতের আদেশানুসারে
সেরেস্তাদার
লালবাগ মুন্সেফ আদালত মুর্শিদাবাদ
২০/১২/২৪

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র
উত্তর ২৪ পরগনা
অ্যাড কানেক্সন
সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা,
ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১
ইমেইল-
adconnexon@gmail.com

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, আমার মক্কেল শ্রী অসীম কুমার পট্টনায়েক, পিতা- ৺পুলিন বিহারী পট্টনায়েক, সাং ও পোঃ- নয়াগ্রাম, থানা- নয়াগ্রাম, জেলা- ঝাড়গ্রাম, পশ্চিমবঙ্গ, পিন- ৭২১১৫৯, ঝাড়গ্রাম জেলার অন্তর্গত নয়াগ্রাম থানাধীন নয়াগ্রাম মৌজাস্থিত জে. এল. নং- ১৪৩, খতিয়ান নম্বর- ১১৫৭ ভুক্ত রিভিজন্যাল ও হাল দাগ নম্বর- ২৮০ সহ মোট ১৪ টি দাগে সর্বমোট ৭.২৬৭ ডেসিমেল ভূমি জমির মালিকগণ ১) শ্রী সৌমেন্দু বিকাশ দাস, ২) শ্রী শুভেন্দু পি. দাস ওরফে শুভেন্দু প্রকাশ দাস, ৩) শ্রীমতী বর্ণালী মহাপাত্র এর পক্ষে গত ইং- ১৩/০৪/২০২১ তারিখের ডি. এস. আর., ঝাড়গ্রাম অফিসের ৫৬৬/২০২১ নং আমমোক্তারনামা পত্র মূলে নিযুক্ত আমমোক্তার শ্রী অরূপ কুমার পট্টনায়েক, পিতা- ৺পুলিন বিহারী পট্টনায়েক, সাং ও পোঃ- নয়াগ্রাম, থানা- নয়াগ্রাম, জেলা- ঝাড়গ্রাম, পশ্চিমবঙ্গ, পিন- ৭২১১৫৯ এর নিকট হইতে গত ইং- ১৬/০৩/২০২৩ তারিখের গোপীবল্লভপুর, অ্যাডিশন্যাল সাব-রেজিস্ট্রি অফিসের রেজিস্ট্রিকৃত ১০৪৫/২০২৩ নম্বর বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়াছেন।
আমার উপরিউক্ত মক্কেল সমূহ ৭.২৬৭ ডেসিমেল ভূ-সম্পত্তির মিউটেশান এর জন্য বি. এল. এ্যান্ড. এল. আর. ও., নয়াগ্রাম অফিসে আবেদন করিয়াছেন। উক্ত ভূ-সম্পত্তি মিউটেশানের বিষয়ে কাহারো কোন আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে উপযুক্ত তথ্য সহ নিজ আপত্তি জানাইবেন, অন্যথায় কাহারো আপত্তি নাই বলিয়া আমার মক্কেল প্রয়োজনীয় কার্য্যাদি করিবেন।
সুমন সেন
এ্যাডভোকেট
এনরোলমেন্ট নম্বর-এফ/৩১৫/১৯৯৯
দেওয়ানী ও ফৌজদারী আদালত, ঝাড়গ্রাম

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

হুগলি
মা লক্ষ্মী জেরক্স সেন্টার, সর্বাণী চ্যাটার্জি, ঠিকানা কোর্টের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।
জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি, প্রসেনজিৎ সামন্ত, ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, মোঃ ৯৮৩১৬৯৯২৪৪

নদিয়া
টাইপ কর্ণার, নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮
রাজ টেলিকম, অমিতাভ বিশ্বাস, ঠিকানা: করিমপুর, জেলা নদিয়া, মোঃ ৯৪৩৪৪২০৬৮৬/ ৯০৯৩৬৮৮৫৩০।
সুজয়া উদ্যোগ সমূহ, শ্রীধর অঙ্গন, বাজার রোড, নবদ্বীপ, নদিয়া-৭৪১৩০২, মোঃ ৯৩৩৩২২০৬৫৯।
অবসর, ডি. বালা, চাকদহ, নদিয়া। মোঃ ৭৪০৭৪৮০১০৮।
সবিতা কমিউনিকেশন, প্রোঃ- রুমা দেবনাথ মজুমদার, ৪/১ প্রাচীন মায়াপুর ৩য় লেন, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন-৭৪১৩০২, মো-৮১০১৩ ৭৩৫৮১

পূর্ব মেদিনীপুর
আইনক্স অ্যাড এজেন্সি
সুরজিৎ মাইতি, পিটপুর, কেশপাট, পূর্ব মেদিনীপুর-৭২১১৩৯, মোঃ ৯৭৩২৬৬৬০৫২
শ্যাম কমিউনিকেশন, দেবব্রত পাঁজা, দেউলিয়া বাজার, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন: ৭২১১৫৪, মোঃ ৯৪৭৪৪৪৬৮৯৬/ ৭০৭৪৪৯৩৭৯৬
মানসী অ্যাড এজেন্সি, শশধর মান্না, মেচেদা ও তমলুক, ঠিকানা: কাকডিহি, মেচেদা, কোলাঘাট, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন ৭২১১৩৭, মোঃ ৯৮৩২৭০৯৮০৯/ ৯৯৩২৭৭০৭৬৭

পশ্চিম মেদিনীপুর
মহালক্ষ্মী অ্যাডভার্টাইজিং এজেন্সি দুর্গেশ চন্দ্র শুক্লা,
ঠিকানা: হোল্ডিং নং. ১৬৮/১৪২, ওয়ার্ড নং-১৬, ভগবানপুর কালী মন্দিরের কাছে, খড়্গপুর টাউন, পশ্চিম মেদিনীপুর-৭২১৩০১
মোঃ ৮৯১৮০৬৩৪৪৬

মুর্শিদাবাদ
পি' অ্যাডস্ সলিউশন, অমিত কুমার দাস, ১৬৭, দয়ানগর রোড, পোঃ- খাগড়া, জেলা- মুর্শিদাবাদ, পিন-৭৪২১০৩। মোঃ ৯৪৭৪৫৭৮৬৩৫/ ৮৪৩৬৯৯৩০১৯।

বীরভূম
সংবাদ সারাদিন, মৃণালজিৎ গোস্বামী, সিউড়ি, নিউ জঙ্গলপাড়া, বীরভূম-৭৩১১০১। মোঃ ৯৬৭৪১৭০২২৪, ৯৭৭৫২৭৬০২১।
মিডিয়া হাউস, প্রঃ- পরিতোষ দাস, কীর্ণাহার স্টেশন রোড, থানা- নানুর, বীরভূম। মোঃ ৯৪৩৪৩৪৮৮১৯, ৯১৫৩০৬০২০৯।
লক্ষ্মী অনুষ্ঠান ভবন, প্রযত্নে দীপক কুমার মণ্ডল, নতুন বাসস্ট্যান্ড, রামপুরহাট, বীরভূম। মোঃ ৯৯৩৩০০২৭৩১/ ৯৩৩৩৩১২৬৭১।
A2Advantage Ad Agency, শেফালী আচার্য্য, বেলেডাঙ্গাল, ভীমগড়, খয়রাশোল, বীরভূম, মোঃ ৭৯০৮১৬৩৬৩৫
মা তারা অ্যাডভার্টাইজিং এজেন্সী, অক্ষয় ধীবর, শঙ্করী অ্যাপার্টমেন্ট, ফটকদুয়ার রোড, রামপুরহাট, বীরভূম- ৭৩১২২৪, (বর্ণপরিচয় স্কুলের কাছে), ৯৪৩৪২৫২৫০৪, maatara.adagency@gmail.com

পুরুলিয়া
অরিজিৎ সেন, চকবাজার, কাপড়গলি, বনমালি সেন লেন, পুরুলিয়া-৭২৩১০১, মোঃ ৯৮৫১১৯৮১৬০।

আজকের দিনটি কেমন যাবে ?

আজ ১৪ ই ফেব্রুয়ারি। ১ লা ফাল্গুন। শুক্র বার । দ্বিতীয়া তিথী। জন্মে সিংহ রাশি। অষ্টত্তরী মঙ্গল র দশা, বিংশোত্তোরী শুক্র মহাদশা কাল। মৃতে একপাদ দোষ।

মেষ রাশি : তরল পদার্থ কেমিক্যাল সম্পর্ক, ব্যবসা প্রতিষ্ঠান থেকে আয় বৃদ্ধি। পরিবার পরিজন দের সাথে মধুর সম্পর্ক। ছোট ভ্রমণ আর ভবিষ্যতের জন্য বীজ বপন হবে। প্রেম সম্পর্ক শুভ।প্রতিবাদ করার আগে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখুন। ছাত্র ছাত্রীদের জন্য আজকের দিনটা অতীব আনন্দের। বাড়ী থেকে কাজে যাওয়ার র সময়, লাল তিলক, লাল রঙের রুমাল রাখুন।

বৃষ রাশি : পরিস্থিতি নিয়ন্ত্রণে আপনি কিছু শুভ কাজ করতে পারবেন। অল্প পরিচিত বান্ধবের সহযোগে, সমস্যা থেকে বের হয়ে আসবেন। নতুন পরিকল্পনা করতে পারেন। উচ্চ বিদ্যা তে সাফল্য অর্জন করা যাবে। পিতৃবাক্য মেনে নিতে অসুবিধা কোথায়? মন্দিরে গিয়ে দেবদেবীর পুজো দিন, সফলতা আসবে। পকেটে হলুদ রঙের রুমাল রাখুন, শুভ হবে।

মিথুন রাশি : হঠাত প্রাপ্তি। প্রতিবেশী স্বজন বান্ধব দ্বারা, ভ্রমন শুভ। প্রেমে বিশ্বাস যোগ্যতা অর্জন করতে হবে। নবম দশম শ্রেণীর ছাত্র ছাত্রী দের জন্য শুভ। লেখক সাহিত্যিক রা সম্মান পাবেন। গোপন কথা গোপন করতে হবে। কাছে সবুজ রঙের রুমাল রাখা উচিত। শ্রী নারায়ণ/ শ্রী কৃষ্ণ সেবা করলে আজ আরো শুভ হবে।

কর্কট রাশি : আজ দান বিতরণ করলে, প্রশান্তি অনুভব না থাকার কারণে আজ দুশ্চিন্তা থাকবে। এক সন্তানের কারনে মনকষ্ট বৃদ্ধি হবে। নতুন লগ্নি করা অর্থ ফেরত পেতে দুশ্চিন্তা। স্বজন বান্ধব দের সাথে তর্ক বিতর্ক হবে। জাহাজী ইন্জিনিয়ার দের সফর শেষে বিভ্রান্তি।আজ একটু ধৈর্য ধরতে হবে। আজ বড় ইন্টারভিউ থাকলে, দিন পরিবর্তন করা ভালো। বাড়ীর বাইরে বের হলে ভগবান গনেশের নামে শুভ হবে।

সিংহ রাশি : পুরাতন বান্ধবী বান্ধব প্রতিবেশী স্বজন র দ্বারা, কোন সমস্যা মুক্তি র পথ দেখা যাবে। ব্যাবসা বৃদ্ধির সঙ্গে অর্থ প্রাপ্তি সম্ভব। খাদ্য দ্রব্য ব্যবসায়ীর হাতে অর্থ আসবে। প্রেমে শুভ। স্বজন বান্ধব দের বিবাহ কথা পাকা হবে। প্রতিবেশীর দ্বারা শুভ। আজ সাদা রঙের কোন কিছু সাথে রাখুন। হর হর মহাদেব।

কন্যা রাশি : পরিবার স্বজনদের সহযোগিতা, আজ ধৈর্য ধরে কাজ করতে হবে। আজ এমন একটা কাজ করবেন, যা নিয়ে বেশ কয়েকদিন ধরেই দুশ্চিন্তায় ছিলেন। পরিবারের সহযোগীতা নিয়েই আজ এগিয়ে যাবেন। প্রেম আজ মধুরতা প্রদান করার কথা। গোপন বিষয় টা নিয়ে আজ কথা না বললেই ভাল। ভগবান শিবের পুজো করলে শুভ হবে।

তুলা রাশি : প্রিয়জন আজ মনকষ্ট দেবে। কথা বলার সময় যুক্তি উপস্থাপন না করলে, কাজ টা হবে কি করে? বাড়ীর পাশে সুযোগ আছে, কথা বলতে হবে। আজ ব্যাংক বিষয়ে কোন কিছু শুভ হবে। দেব গনেশ ভগবান মন্ত্র।

বৃশ্চিক রাশি : পরিবার স্বজন হারানো কোন নারীর ওপর বিশ্বাস করতে হবে। আজ সতর্ক থাকুন। কাজ শেষ হবে না। পরিশেষে গুপ্ত শত্রুর ষড়যন্ত্রের মোকাবেলা করতে হবে। আজ সকালের সময়ে তিনটি বিল্বপত্র ভগবান শিবের মাথায় দিন, ধৈর্য ধরতে হবে। প্রেমে ভুল বোঝাবুঝি হবে। ভগবান শ্রী কৃষ্ণ নাম।

ধনু রাশি : সতর্ক থাকুন। যাকে কাজের দ্বায়িত্ব দিয়েছিলেন সেটা না করার জন্য পরিবার স্বজনের সাথে, পরিবারের সদস্য নয়, এমন মানুষের জন্য-তর্ক বিতর্ক হবে। সঞ্চিত অর্থের সঠিক প্রয়োগ হবে। প্রেম বিষয়ক গোপন কিছু প্রকাশ্যে আসবে। আজ ব্যবসা বৃদ্ধি র প্রভূত সম্ভাবনা। হরিওং বলে পথ চলুন। কুকুর বিড়ালে র সেবা শুভ হবে। দেবী কালরাত্রি মন্ত্র পাঠ।

মকর রাশি : সন্তানের জন্য নিরাপদ নয়, আজ দুশ্চিন্তা বৃদ্ধি পাবে। পুরাতন বিবাদ মিটবে। প্রতিবাদ না করাটা শুভ। বিশেষতঃ যারা বেতন ভুক কর্ম করেন। আজ তারা কিছু সুযোগ সুবিধা পাবেন, যারা প্রাক্তন সরকারী কর্মচারী। প্রমিক যুগল প্রানের কথা বলতে পারেন। প্রতিবেশীর দ্বারা সম্মান বৃদ্ধি যোগ। ওম গনেশ দেব মন্ত্র।

কুম্ভ রাশি : আজ খুব ভেবে নতুন সম্পর্কে এগোতে হবে। প্রিয়জন নাকি প্রয়োজনে প্রিয়জন? গুপ্ত শত্রুর ষড়যন্ত্রের প্লান হবে। পরিবারের সবাইকে নিয়ে কোন আনন্দ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। ব্যাংক ড্রাফট লোন সংক্রান্ত কিছু শুভ হব। ছাত্র ছাত্রী দের জন্য সুখবর আছে। শিব শিব বলুন।

মীন রাশি : কষ্টদায়ক তিথি। আপনার সাথে প্রতিবেশী কোন সমস্যা আবার নতুন করে শুরু করতে পারে। পরিবারের সদস্য দের সাথে মধুর সম্পর্ক তৈরি করতে হবে। আপনি যা ভাবছেন তাই যে ঠিক, আর অন্যের ভাবনা ভুল, এই চিন্তা ভাবনা থেকে সরে আসুন। হর হর মহাদেব।

(আজ শিল্পী গগনেন্দনাথ ঠাকুর র তিরোধান দিবস।)

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

যাত্রীবোঝাই ট্যাক্সিকে গুড়িয়ে দিল লরি, মৃত ২

নিজস্ব প্রতিবেদন: বুধবার রাতে মর্মান্তিক পথ দুর্ঘটনায় মৃত্যু হল দুই ব্যক্তির। স্থানীয় সূত্রে জানা যাচ্ছে মর্মান্তিক এই ঘটনা ঘটে হাওড়ার বালি থানার অন্তর্গত জি টি রোডে দেওয়ানগাজি এলাকায়। যাত্রীবোঝাই ট্যাক্সিকে সজোরে ধাক্কা মারে রাস্তা ঢালাই করারএকটি লরি। ওই ধাক্কার ফলে ট্যাক্সি দুমড়ে মুচড়ে যায়। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে এসে পৌঁছায় বালি থানার পুলিশ। এরপর দমকল এসে লরিটিকে সরিয়ে গ্যাস কটার দিয়ে ট্যাক্সি দরজা কেটে ট্যাক্সির চালক ও যাত্রীদের আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে পাঠানো হয়। দুর্ঘটনার প্রায় দু ঘণ্টা পর উদ্ধার করে ওই দুই ব্যক্তিকে হাসপাতালে পাঠানো হয়। পুলিশ সূত্রে জানা যায় ঘটনাস্থলেই ট্যাক্সির চালক ও ওপর এক জন যাত্রীসহ দুজনের মৃত্যু হয়। হাসপাতালে চিকিৎসাধীন ওই দুই ব্যক্তির অবস্থাও আশঙ্কাজনক বলেই জানা যাচ্ছে। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে আসেন বালি কেন্দ্রের বিধায়ক রানা চট্টোপাধ্যায়। ঘাতক লরির চালক পলাতক, তাকে খোঁজ করার চেষ্টা চালান হচ্ছে বলেই বালি থানা সূত্রে জানা যাচ্ছে। ঘাতক লরিটিকে বাজেয়াপ্ত করেছে পুলিশ। লরিটির রেজিস্ট্রেশন পরীক্ষা করে লরির মালিক কে তা জানা হবে বলেই জানা যাচ্ছে। যদিও দুর্ঘটনায় মৃত দুই ব্যক্তির নাম পরিচয় এখনও জানা যায়নি। যদিও তাদের পরিচয় জানার চেষ্টা চালান হচ্ছে বলেই বালি থানা সূত্রে জানা যাচ্ছে।

তপন থিয়েটারে দু'দিন ব্যাপী 'আরুষি পার্বণ' নাট্যোৎসব

নিজস্ব প্রতিবেদন: সম্প্রতি তপন থিয়েটারের তিন তলায় তাপস জ্ঞানেশ সভাকক্ষে দুদিন ব্যাপী 'আরুষি পার্বণ' (দ্বিতীয় বর্ষ) অনুষ্ঠিত হল। দু'দিনে মোট ১২টি অনুনাটক অনুষ্ঠিত হয়। প্রথম দিন উপস্থিত ছিলেন নাট্যকার, নির্দেশক ও অভিনেতা সুজন সাহা ও সুদীপ্ত সরকার। দ্বিতীয় দিন উপস্থিত ছিলেন নাট্য গবেষক, প্রাবন্ধিক সর্বশ্রী রঞ্জন গঙ্গোপাধ্যায় ও পশ্চিমবঙ্গ নাট্য একাডেমি কর্তৃক শ্রেষ্ঠ নাটককার হিসাবে সম্মানিত সঞ্জয় চট্টোপাধ্যায়। এছাড়াও বালিগঞ্জ আরুষি কর্তৃক প্রদত্ত গোপাল দাশ স্মৃতি সম্মাননা দেওয়া হয় মঞ্চপরিকল্পক অজিত রায়কে এবং বছরের সেরা প্রতিভাময়ী অভিনেত্রী মনোনীত করে সমৃদ্ধি ব্যানার্জীকে 'যুগলকিশোর দাশগুপ্ত স্মৃতি সম্মাননা' দেওয়া হয়। এছাড়াও দুদিনে মোট ১২টি অনুনাটক মঞ্চস্থ হয়।

পাটুলি নিত্য নাট্য প্রযোজিত 'নট ফর সেল' , হাওড়া থিয়েটার উইংস প্রযোজিত 'টর্চ লাইট', নিউ আলিপুর আরোহন প্রযোজিত 'হিম্মত', বরাহনগর দৃশ্যকাব্য প্রযোজিত 'খুড়ো', সুভাষ বিদ্যামন্দির প্রযোজিত মুক শিশুনাট্য 'ভোকাট্টা' এবং বেহালা থার্ডবেল প্রযোজিত 'সোয়াচান পক্ষীর বাসা'। দমদম শিল্পাঙ্গন প্রযোজিত 'অন্তরালে', সোনারপুর দৃশ্যম প্রযোজিত 'পোকামাকড়ে কুটুম', ড্রাফার পারফর্মিং গ্রুপ প্রযোজিত 'পথ', কাদারাট গৌরশিখা রেপার্টারি 'বিচ্ছিরিয়াস' এবং বালিগঞ্জ আরুষি প্রযোজিত নাটক 'দায়'।

বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ১৩৬তম প্রতিষ্ঠা দিবস পালন

নিজস্ব প্রতিবেদন: বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া (বিএসআই) বৃহস্পতিবার কলকাতায় যথাযোগ্য মর্যাদার সঙ্গে তাদের ১৩৬তম প্রতিষ্ঠা দিবস পালন করছে। এই উপলক্ষ্যে প্ল্যান্ট ট্যাক্সোনমি, এথনোবোটানি, বোটানিক গার্ডেনস এবং বায়োডাইভার্সিটি বিষয়ে ৩ দিনের আন্তর্জাতিক আলোচনাচক্রেরও সূচনা হয়েছে। একই সঙ্গে দুটি অনুষ্ঠানের সূচনা করে বিএসআই-এর অধিকর্তা ডঃ আশিহো আসোসি মাও বলেন, 'উদ্ভিদ বিজ্ঞানী, গবেষক এবং সংরক্ষণবিদরা বিজ্ঞান এবং জীববৈচিত্র্য সংরক্ষণের ভবিষ্যত নিয়ে আলোচনা করার সুযোগ পাবেন।' তিনি আরও বলেন, 'ভারত অন্যতম জীব ও উদ্ভিদ বৈচিত্র্যের দেশ, যার পরিবেশগত, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক গুরুত্ব অপরিসীম।' উপস্থিত ছিলেন, জুওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার অধিকর্তা ডঃ ধৃতি বন্দ্যোপাধ্যায় এবং দেশ বিদেশের খ্যাতনামা উদ্ভিদ বিজ্ঞানীরা।

মার্কিন মুলুকে মোদি-ট্রাম্পের হাতিয়ার শুল্ক বনাম সমঝোতা

প্রথম পাতার পর

ট্রাম্প ক্ষমতায় ফিরতেই 'সমঝোতা'কেই হাতিয়ার করেছেন মোদি, দাবি বিশেষজ্ঞদের।

কিন্তু অপরদিকে, ক্ষমতায় আসতেই একাধিক দেশের পণ্যের উপর বাড়তি শুল্কের বোঝা চাপিয়েছে ট্রাম্প। শুল্ক বাড়ানো হয়েছে লৌহ পণ্যেও। যার জেরে চাপ পড়েছে ভারতীয় বাজারেও। সেই চাপের কথা মাথায় রেখেই ট্রাম্পের সঙ্গে শুল্ক নিয়ে আলোচনায় বসতে পারেন মোদি, এমনটাই অনুমান একাংশের।

আলোচনা হতে পারে প্রতিরক্ষা নিয়েও। সংবাদমাধ্যম সূত্রে খবর, ইতিমধ্যে দুই দেশের প্রতিরক্ষা, সামরিক কৌশল, সরঞ্জাম-সহ একাধিক বিষয় নিয়ে মার্কিন প্রতিরক্ষা মন্ত্রীর সঙ্গে কথা বলেছেন রাজনাথ সিং। দুই দেশের প্রতিরক্ষা মন্ত্রকের মধ্যে হওয়া সেই টেলিফোনিক আলোচনা যে প্রভাব ফেলতে পারে মোদি-ট্রাম্পের বৈঠকেও, মত ওয়াকিবহাল মহলের।

মোদি-ট্রাম্পের বৈঠকে জায়গা পেতে পারে পারমাণবিক প্রযুক্তিও। ভারতের বিদেশসচিব বিক্রম মিশ্রী সূত্রে জানা গিয়েছে, দুই রাষ্ট্রপ্রধানের দ্বিপাক্ষিক বৈঠকে ঠাঁই পেতে পারে পারমাণবিক প্রযুক্তির আলোচনাও। তিনি জানাচ্ছেন, সম্প্রতি দেশের পারমাণবিক আইনে আনা বদলগুলির মাধ্যমে কিছু মার্কিন সংস্থা এ দেশে বিনিয়োগের জন্য আকৃষ্ট করা যেতে পারে। আর সেই নিয়েই মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে কথা বার্তা সারবেন প্রধানমন্ত্রী।

হাওড়া শাখায় ট্রেন বাতিল, যাত্রী দুর্ভোগের আশঙ্কা

নিজস্ব প্রতিবেদন: ফের হাওড়া বিভাগে দিয়ারা, সিঙ্গুর স্টেশনের মধ্যে ব্রিজ রক্ষণাবেক্ষণের কারণে লোকাল ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ করার কথা জানালো পূর্ব রেল কর্তৃপক্ষ।

হাওড়া শাখার দিয়ারা ও নাসিবপুর স্টেশনের মধ্যে ১৬ নম্বর ব্রিজ এবং নাসিবপুর ও সিঙ্গুর স্টেশনের মধ্যে ২১ নম্বর ব্রিজের রক্ষণাবেক্ষণ কাজের জন্য ১৫ ফেব্রুয়ারি (শনিবার) ও ১৬ ফেব্রুয়ারি (রবিবার) নিম্নলিখিত ট্রেন চলাচলে পরিবর্তন করা হয়েছে। লোকাল ট্রেন বাতিলের তালিকায় ১৫ ফেব্রুয়ারি (শনিবার) বাতিল আছে, হাওড়া থেকে তারকেশ্বর ৩৭৩৪৯, ৩৭৩৫১, তারকেশ্বর থেকে হাওড়া ৩৭৩৫৪ লোকাল। ১৬ ফেব্রুয়ারি (রবিবার) বাতিল আছে, ডাউন লাইনে (তারকেশ্বর /আরামবাগ /গোঘাট /হরিপাল থেকে হাওড়া /শেওড়াফুলি অভিমুখে) তারকেশ্বর থেকে হাওড়া ৩৭৩১২, ৩৭৩১৪, ৩৭৩১৬, ৩৭৩১৮, ৩৭৩২০, ৩৭৩৫৬, ৩৭৩২২, ৩৭৩২৮ লোকাল। এবং তারকেশ্বর থেকে শেওড়াফুলি ৩৭৪১২, ৩৭৪১৬ লোকাল। গোঘাট থেকে হাওড়া ৩৭৩৭২ এবং গোঘাট

থেকে তারকেশ্বর ৩৭৩৯০। আরামবাগ থেকে হাওড়া ৩৭৩৬০। হরিপাল থেকে হাওড়া ৩৭৩০৮। আপ লাইনে (হাওড়া /শেওড়াফুলি থেকে তারকেশ্বর /আরামবাগ /গোঘাট /হরিপাল অভিমুখে) বাতিল হাওড়া থেকে গোঘাট ৩৭৩৭১, ৩৭৩৭৩। হাওড়া থেকে তারকেশ্বর ৩৭৩০৯, ৩৭৩৫৩, ৩৭৩১১, ৩৭৩১৫, ৩৭৩১৭। শেওড়াফুলি থেকে তারকেশ্বর ৩৭৪১১, ৩৭৪১৫। হাওড়া থেকে আরামবাগ ৩৭৩৫৯। হাওড়া থেকে হরিপাল ৩৭৩০৭। পূর্ব রেল কর্তৃপক্ষ এই কাজের জন্য যাত্রীদের হওয়া দুর্ভোগের জন্য দুঃখ প্রকাশ করে জানিয়েছে যাত্রীদের যাত্রার অসুবিধা কমানোর জন্য এই কাজকে প্রয়োজনীয় ব্যবস্থা বলেই গ্রহণ করা হয়েছে।

একদিন আমার শহর

কলকাতা ১৪ ফেব্রুয়ারি, ২০২৫ ১ ফাল্গুন ১৪৩১ শুক্রবার

চিটফান্ড নিয়ে জবাব শুনতে রাজ্যের স্বরাষ্ট্রসচিবকে তলব হাইকোর্টের

নিজস্ব প্রতিবেদন: একাধিক চিটফান্ডে সাধারণ মানুষকে প্রতারণার অভিযোগ ছবি ধরা পড়েছে বেশ কয়েক বছর আগেই। টাকা হারিয়ে অসহায় বহু মানুষ। সেই সব প্রতারিতদের ক্ষতিপূরণ দিতে অবসরপ্রাপ্ত বিচারপতিকে মাথায় রেখে বিশেষ কমিটি তৈরি করা হয়েছিল। সেই কমিটিতে সহযোগিতা করছে না রাজ্য, এমনই অভিযোগ উঠল কলকাতা হাইকোর্টে। রাজ্যের এই ভূমিকায় চরম ক্ষুব্ধ আদালত।

অভিযোগ, দিনের পর দিন রাজ্যের কাছে ওই কমিটি চালানোর জন্য পরিকাঠামো, শূন্যপদ পূরণ সহ বিভিন্ন আবেদন করা হলেও, তা কার্যকর করেনি রাজ্য। রাজ্য কেন এভাবে অসহযোগিতা করছে এবার তার কারণ জানতে চায় হাইকোর্ট। বৃহস্পতিবার বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চে ছিল এই মামলার

শুনানি। বিচারপতির নির্দেশ, আগামী বৃহস্পতিবার রাজ্যের স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী আদালতে উপস্থিত থাকতে হবে। এরপর তিনি সরকারের অসহযোগিতার কারণ ব্যাখ্যা করবেন আদালতে। হাইকোর্টের বক্তব্য, কমিটির শূন্যপদ পূরণ হচ্ছে না। এমনকী যে সব কর্মী বা অফিসার সেখানে কর্মরত ছিলেন, তাঁদের অনেকেরই কাজের মেয়াদ শেষ হয়ে এলেও মেয়াদ বাড়ানোর ক্ষেত্রে কোনও পদক্ষেপ করছে না রাজ্য। রাজ্যের বিরুদ্ধে আরও অভিযোগ, কমিটির নতুন চেয়ারম্যানকে রেমুনারেশন বা টাকা দেওয়ার বিষয়ে সরকার কোনও অনুমোদন দেয়নি। আগের চেয়ারম্যানেরও মোটা টাকা এখনও বকেয়া রয়েছে। এই অবস্থায় আদালতের প্রশ্ন, যেখানে রাজ্যের আশ্বাস পেয়ে এই কমিটি গঠন করেছিল হাইকোর্ট, সেখানে পরিকাঠামোর সহ সব সুযোগ-সুবিধা দেওয়া রাজ্যের দায়িত্ব। কিন্তু বাস্তবে তা কেন করা হচ্ছে না, সে ব্যাপারে কৈফিয়ত তলব করেছে আদালত।

পোস্ট অফিসের ওপর ভরসা হারাবে মানুষ, টাকা গায়েবের ঘটনায় মন্তব্য বিচারপতির

নিজস্ব প্রতিবেদন: কোনও চিটফান্ড নয়। পোস্ট অফিস থেকে গায়েব টাকা। বারো লক্ষ টাকা গায়েবের ঘটনায় বিরক্ত আদালত। সিআইডি-কে নির্দেশ দেওয়া হল তদন্তের। এরইপাশাপাশি বিচারপতি তীর্থঙ্কর ঘোষ ভর্ৎসনার সুরে জানান, 'লোকের খাটনির টাকা জমাতে টাকা রাখছে। আর তা লোপাট হয়ে যাচ্ছে। পুলিশ কিছুই করছে না। সরকারি চাকুরেদের টাকা পোস্ট অফিস থেকে এইভাবে লোপাট হয়ে গেল আর পুলিশ কিছু না করলে মানুষের ভরসা পোস্ট অফিস থেকে উঠে যাবে।'

এদিকে আদালত সূত্রে খবর, এদিন শুনানির সময় বিচারপতি এ

প্রশ্নও তোলেন বলেন, 'গত দেড় বছরে জামালপুর থানা কিচ্ছু করেনি। কেন্দ্রীয় সরকারি প্রতিষ্ঠানে টাকা রেখে যদি এই ভাবে মানুষ প্রতারিত হয় তাহলে মানুষ যাবেন কোথায়?' সঙ্গে বিচারপতি এও বলেন, 'কেউ কোনও দায়িত্ব নেবে না। একটু কঠিন কাজ হলে সবাই দায় এড়িয়ে যাবে।' এরপরই বিচারপতি এদিন এই ঘটনায় তদন্তের ভার পূর্ব বর্ধমান জেলা পুলিশের হাত থেকে এডিজি সিআইডিকে তদন্ত হস্তান্তর করেন। এই মামলার আগের দায়িত্বে থাকা দুই আইও-কেও ডেকে পাঠানোর নির্দেশ দেন এডিজি সিআইডিকে। সঙ্গে জানান, ওই দুই অফিসার এই তদন্তে কী কী পদক্ষেপ করেছেন, তাঁদের থেকে ব্যাখ্যা নিতে হবে। আগামী ৬ মাসের মধ্যে এই তদন্ত শেষ করতে হবে পুলিশকে।

বজবজ ডাকাতি ও গণধর্ষণ মামলায় যাবজ্জীবনের নির্দেশ

নিজস্ব প্রতিবেদন: বজবজ ডাকাতি এবং গণধর্ষণ মামলায় যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল আদালত। বৃহস্পতিবার আলিপুরের সেকেণ্ড ফাস্ট ট্র্যাক আদালতের বিচারক অয়ন মজুমদার এই ঘটনায় জড়িত তিনজনকে এই সাজা শোনান। আদতে এই মামলায় জড়িত ছিল চারজন। তবে একজনের মৃত্যু হয়েছে আগেই। এদিনের এই রায় ঘোষণায় আট বছর পর সুবিচার পেল নির্যাতিতার পরিবার।

ঘটনা ২০১৭ সালের ৩০ জানুয়ারির। সেই অভিশপ্ত রাতে ১টা নাগাদ ডায়মন্ড হারবার পুলিশ জেলার বজবজ থানার বুইতা গ্রাম পঞ্চায়েতের বিশুখারা গ্রামে নির্যাতিতার বাড়িতে হানা দেয় একদল দুষ্কৃতী। বাধা পেয়ে দুষ্কৃতীরা দরজা ভেঙে বাড়িতে ঢোকে। অভিযোগ ওঠে, দুষ্কৃতীরা প্রথমে আগ্নেয়াস্ত্র দেখিয়ে নগদ এবং সোনার গয়না লুট করে। পরে স্বামী ও ৬ বছরের শিশুর সামনেই গৃহকর্ত্রীকে ধর্ষণ করে। তারপর নগদ টাকা-সহ সোনার গয়না নিয়ে চম্পট দেয়। এই ঘটনায় বজবজ থানায় লিখিত অভিযোগ দায়ের হয়। বজবজ তদন্তকেন্দ্রের তৎকালীন ভারপ্রাপ্ত আধিকারিক ধীমান বৈরাগী তদন্তে নামেন। ডায়মন্ড হারবার জেলা পুলিশের সহযোগিতায় সন্দেহভাজন বেশ কয়েকজনকে আটক করা হয়। এরপর সিআইডিও ঘটনাস্থল পরিদর্শন করে। আঁকা হয় দুষ্কৃতীদের ছবি। এরপরই তিন যুবককে আটক করে পুলিশ। এরা নোদাখালির বাসিন্দা। তাদের থেকে ডাকাতির বেশ কিছু জিনিসপত্র উদ্ধার হয়। তিনজনকে জিজ্ঞাসাবাদ করে ফলতার বাসিন্দা আরও দুই যুবককে গ্রেপ্তার করা হয়। অভিযুক্তদের বিরুদ্ধে আগেও বিভিন্ন থানায় অপরাধমূলক কাজের সঙ্গে যুক্ত থাকার অভিযোগ ছিল। তাদের থেকেও উদ্ধার হয় নগদ টাকা, মোবাইল ফোন এবং গয়না।

ব্যারাকপুরে উৎস ধারা প্রকল্পের কাজ পরিদর্শনে পর্যটন মন্ত্রী ও পূর্ত সচিব

নিজস্ব প্রতিবেদন: বৃহস্পতিবার বেলায় ব্যারাকপুরে গঙ্গা তীরবর্তী উৎস ধারা প্রকল্পের কাজ সরজমিনে খতিয়ে দেখলেন রাজ্যের পর্যটন মন্ত্রী ইন্দ্রনীল সেন ও পূর্ত দপ্তরের সচিব অন্তরা আচার্য। উৎস ধারার প্রকল্পের কাজ পরিদর্শনের আসার আগে কল্যানী এক্সপ্রেসওয়ের সম্প্রসারণের কাজের অগ্রগতিও খতিয়ে দেখলেন পূর্ত সচিব অন্তরা আচার্য। এদিন পূর্ত সচিব সাংবাদিকদের জানালেন, উৎস ধারা প্রকল্প মুখ্যমন্ত্রীর একটি স্বপ্নের প্রকল্প। সেই প্রকল্পকে তাঁরা শুধু বাস্তবায়িত রূপ দেবার চেষ্টা করছেন। তাঁর কথায়, ব্যারাকপুরে ঐতিহাসিক গুরুত্ব অপরিসীম।সেটা সাধারণ মানুষের কাছে ভালো তুলে ধরার জন্যেই এই গোটা প্রকল্প। তাছাড়া প্রকৃতির সঙ্গে সাধারণ মানুষের মেলবন্ধন ঘটানো এই প্রকল্পের মূল লক্ষ্য। তাঁর সংযোজন, মহাত্মা গান্ধীর স্মৃতি বিজড়িত শহর এই ব্যারাকপুর। আর এই ব্যারাকপুর থেকেই মহাবিদ্রোহের সূচনা হয়েছিল। তাই মহাবিদ্রোহের নায়ক মঙ্গল পাণ্ডেকেও যথার্থ মর্যাদা দেওয়া হবে। তাঁর দাবি, উৎস ধারা প্রকল্পের কাজ ৭৫ শতাংশ তাঁরা করে ফেলেছেন। কিন্তু এখানে জল দাঁড়িয়ে যাওয়ার

সমস্যা রয়েছে। জমাজল অপসারনে এখানে নিকাশি ব্যবস্থার কাজ করতে হবে। এদিন তিনি আরও জানান, ঐতিহাসিক শহর ব্যারাকপুরে পুলিশ মিউজিয়াম আছে। তাই এখানে ইন্টারপ্রিটেশন সেন্টার অর্থাৎ ব্যাখ্যামূলক কেন্দ্র গড়ে তোলা হবে। তাঁর দাবি, আগামী তিন-চার মাসের মধ্যে উৎস ধারা প্রকল্পের কাজ সম্পন্ন হয়ে যাবে। কল্যাণী এক্সপ্রেসওয়ে সম্প্রসারণ কাজের অগ্রগতি নিয়ে পূর্ত দপ্তরের সচিব জানান, কাজ খুব ভালোই হচ্ছে। আশা করা যাচ্ছে, ২০২৬ সালের আগেই এক্সপ্রেসওয়ে সম্প্রসারণের কাজ সম্পন্ন হয়ে যাবে।

সরকারের দপ্তরকে সাহায্য করছে না পুলিশ, পর্যবেক্ষণ আদালতের

নিজস্ব প্রতিবেদন: পুলিশ রাজ্যের নিজস্ব দফতরকেও সাহায্য করে না বলেই পর্যবেক্ষণ কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার। বিচারপতির প্রশ্ন, কর্পোরেশনের একজন উচ্চপদস্থ কর্তাকেও এভাবে হেনস্থা করে পুলিশ তা নিয়েও। শুধু তাই নয়, পূর্ব বর্ধমানের একটি মামলায় সেই জেলার পুলিশ সুপারকে রিপোর্ট দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্যের ফিনান্সিয়াল কর্পোরেশনের ভূমিকা নিয়েও উঠছে প্রশ্ন। টাকা নিয়েও মামলাকারীকে সম্পত্তি না দেওয়ায় ফিনান্সিয়াল কর্পোরেশনকেও ভর্ৎসনা করেন বিচারপতি অমৃতা সিনহা।

আদালত সূত্রে খবর, বর্ধমানের মেমারির একটি বাড়ি বিক্রি নিয়ে মামলার সূত্রপাত। ২০২২ সালের একটি সম্পত্তি বিক্রি করে উচ্চপদস্থ কর্তার থেকে টাকা নেন। রাজ্যের ফিনান্সিয়াল কর্পোরেশনের বক্তব্য ছিল, টাকা পয়সা তাঁরা পেয়ে গেলেও, বাড়ি থেকে জবর দখলকারীদের ওঠানো যাচ্ছে না, তাই সেই ব্যক্তিকে বাড়ি 'হ্যান্ডওভার' করা যাচ্ছে না। এরপরই ওই ব্যক্তিকে আদালতে যাওয়ার পরামর্শ দেয় ফিনান্সিয়াল কর্পোরেশন দপ্তর। আর সেক্ষেত্রেই আদালতের প্রশ্নের মুখে পড়ে রাজ্য দপ্তর।

এরই সূত্র ধরে বিচারপতি প্রশ্ন করেন, 'আপনাদের জন্য মামলাকারী কেন সমস্যায় পড়বেন? তিন বছর কেটে গেলেও আপনারা কেন আসেননি আদালতে? কেন মামলাকারীর কাঁধে বন্দুক রেখেছেন বা কেন তাঁকে মামলা করতে বলেছেন?' কেন এক্ষেত্রে ফিনান্সিয়াল কর্পোরেশন দপ্তর রাজ্য পুলিশের সাহায্য নেয়নি, সে প্রশ্নও তোলেন বিচারপতি। এই প্রসঙ্গে বিচারপতি এও বলেন, ২০২২ সালের ঘটনা। ২০২৫ সাল হয়ে গেল, এতদিনেও কেন ওই উচ্চপদস্থ কর্তা তাঁর টানা পাননি, তা নিয়ে ভর্ৎসনার মুখে পড়ে দপ্তর। এরপরই এসপি বর্ধমান ও মেমারি থানাকে নির্দেশ দেন, কী পদক্ষেপ করা হয়েছে, তা রিপোর্ট আকারে পেশ করতে হবে।

ডেলিভারি বয়কে মারধর, কাঠগড়ায় শওকতের ছেলে

নিজস্ব প্রতিবেদন: ক্যানিং পূর্বের বিধায়ক তথা তৃণমূল নেতা শওকত মোল্লার ছেলে ইমরানের বিরুদ্ধে 'দাদাগিরি'র অভিযোগ। ইমরান ও তার দলবলের বিরুদ্ধে অভিযোগ, নিউটাউনে ডেলিভারি বয়কে মারধর করেছে তারা। সূত্রে খবর, বুধবার সন্ধ্যায় ঘটে এই ঘটনা ঘটে নিউটাউন বালিগরি ভাঙার মোড়ের কাছে। এই ঘটনায় পুলিশে অভিযোগও জানিয়েছেন ওই ডেলিভারি বয়। এদিকে এই ঘটনায় মুখে কুলুপ শওকত মোল্লা বা ছেলে ইমরান মোল্লার। পুলিশের কাছে ডেলিভারি বয় অভিযোগ জানান, বেপরোয়াভাবে গাড়ি চালানো হচ্ছিল। তারই প্রতিবাদ করতে গিয়েছিলেন তিনি। সেই সময় আচমকাই সবাই গাড়ি থেকে নেমে পড়ে বলে অভিযোগ। পাশাপাশি ওই

ডেলিভারি বয় আরও জানান, 'আমাকে চেপে দিয়ে গাড়িটি যাওয়ার চেষ্টা করছিল। সেই সময় নিয়ন্ত্রণ হারিয়ে যায়। এরপর আমি গাড়ির সামনে বাইক নিয়ে গিয়ে দাঁড়াই। জিজ্ঞেস করি, আমাকে চাপছিলে কেন? তখনই গাড়ি থেকে নেমে আসে ওরা।' তখনই ওই ডেলিভারি বয়ের নজরে আসে, গাড়িতে শওকত মোল্লার ছেলে ও তার বন্ধুবান্ধব ছিল। এরপরই চলে মারধরের পালা।

সেক্টর ফাইভে মহিলা কর্মীদের নাইট শিফট নিয়ে রাজ্যকে নির্দেশ

নিজস্ব প্রতিবেদন: প্রশ্নের মুখে কলকাতার নারী সুরক্ষা। কারণ, সম্প্রতি নিউটাউনে এক নাবালিকাকে খুন করে ধর্ষণ করার মতো ভয়াবহ অভিযোগ উঠেছে। এদিকে এই নিউটাউন-এর রাস্তা দিয়ে আইটি-সহ বিভিন্ন দপ্তরের মহিলা কর্মীদের নিত্য যাতায়াত। এবার আইটি সেক্টরে নাইট শিফটের কাজে নিরাপত্তা ও সুরক্ষা দেওয়ার দাবিতে জনস্বার্থ মামলা হল কলকাতা হাইকোর্টে।

বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের বেঞ্চে ওঠে সেই মামলা। মহিলাদের নিরাপত্তায় গাইডলাইন তৈরি করার আর্জি জানানো হয়। আর্জি শুনে প্রধান বিচারপতির নির্দেশ, রাজ্যের স্বরাষ্ট্র সচিব উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে একটি টিম গঠন করবে ও পর্যালোচনা করে দেখবে যে কীভাবে এই নিরাপত্তার ব্যবস্থা আরও উন্নত করা যায়। এর পাশাপাশি একটি খসড়া তৈরি করে গোটা রাজ্যে তা বাস্তবায়নের নির্দেশ দেয় হাইকোর্ট।

মামলায় রাজ্যের তরফে জানানো হয়েছে, 'রাত্রের সাথী' প্রকল্প করেছে রাজ্য, যা মেডিক্যাল কলেজ, হস্টেল-সহ বিভিন্ন ক্ষেত্রে কর্মরত মহিলাদের জন্য প্রযোজ্য। আরও জানানো হয়েছে, মহিলাদের নিরাপত্তা নিয়ে ইলেকট্রনিক কমপ্লেক্স থানা একটি বিজ্ঞপ্তিও জারি করেছে। সেই বিজ্ঞপ্তিও এদিন আদালতে জমা দেয় রাজ্য। এই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কলেজ মোড়, ওয়েবেল মোড়, এসডিএফ, আরডিবি তথা ইলেকট্রনিক্স থানা অঞ্চলের মহিলাদের নিরাপত্তার জন্য বিশেষ ব্যবস্থা করেছে পুলিশ প্রশাসন। একইসঙ্গে এই এলাকাগুলোতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা হয়েছে, যাতে অন্ধকারের সুযোগ নিয়ে কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে। সঙ্গে দিন রাত এলাকায় পর্যাপ্ত পুলিশ টহল দিচ্ছে, রাখা হচ্ছে উইনার্স মহিলা বাহিনী। এছাড়াও পর্যাপ্ত সিসিটিভি ক্যামেরা লাগানো হয়েছে। এছাড়া, নবদিগন্ত ইন্ডাস্ট্রিয়াল টাউনশিপ কর্তৃপক্ষের সহযোগিতায় সংবেদনশীল জায়গায় নজরদারি বাড়ানো হয়েছে। অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনাও এদিন উঠে আসে কলকাতা হাইকোর্টে। অনেক রাজ্যে রাতে কর্মরত মহিলাদের জন্য বিশেষ বাসের ব্যবস্থা করা হয়। রাজ্যে কেন সেই ব্যবস্থা নেই, সেই প্রশ্নও ওঠে। এরপরই রাজ্যকে খসড়া তৈরি করার নির্দেশ দেয় আদালত।

প্রিয়াঙ্গু পাণ্ডের ওপর হামলার ঘটনায় ফের চার্জশিট পেশ

নিজস্ব প্রতিবেদন: ভাটপাড়ার বিজেপি নেতা প্রিয়াঙ্গু পাণ্ডের গাড়িতে হামলার ঘটনায় আদালতে ফের চার্জশিট পেশ করল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনআইএ। বৃহস্পতিবার বিশেষ আদালতে পেশ হওয়া সেই চার্জশিটে বিক্কির নাম যোগ করেছে এনআইএ। সূত্র বলছে, ভাটপাড়া পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের বাসিন্দা এই ঘটনায় মূল অভিযুক্ত। প্রসঙ্গত, ২০২৪ সালের ২৮ আগস্ট ভাটপাড়া থানার কলাবাগান মোড়ের কাছে ঘোষপাড়া রোডে বিজেপি নেতা প্রিয়াঙ্গু পাণ্ডের গাড়ি লক্ষ্য করে গুলি-বোমা ছোঁড়ার অভিযোগ ওঠে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। পরবর্তীতে সেই ঘটনার তদন্তভার নেয় এনআইএ। ২০২৪ সালের ২৬ নভেম্বর বিজেপি নেতার ওপর হামলার ঘটনায় ১২ জনের নামে চার্জশিট জমা দিয়েছিল এনআইএ। এদিন ফের একজনের নাম চার্জশিট জমা দেওয়া হয়েছে। চার্জশিট জমা প্রসঙ্গে বিজেপি নেতা প্রিয়াঙ্গু পান্ডে বলেন, ঘটনায়

অভিযুক্ত ১৪ জনের মধ্যে ১৩ জনের নামে ইতিমধ্যেই চার্জশিট জমা পড়েছে। ঘটনায় অন্যতম অভিযুক্ত মহম্মদ আমীর ওরফে সনুর নামে এখনও চার্জশিট জমা পড়েনি। যদিও এখনও ঘটনার তদন্ত চলছে। তাঁর অভিযোগ, হামলার ঘটনার মূল চক্রী জগদ্দলের বিধায়ক সোমনাথ শ্যাম। এখনও তাঁকে মারার চক্রান্ত চলছে। প্রিয়াঙ্গুর আশা, জগদ্দলের বিধায়কও এনআইএ-র হাতে ধরা পড়বে।

৩ বছর সামান্য আর্থিক সাহায্যও পাচ্ছেন না শহরের হতদরিদ্ররা

নিজস্ব প্রতিবেদন: লক্ষ্মীর ভাণ্ডার থেকে কন্যাশ্রী, বিগত কয়েক বছরে সাধারণ মানুষের পাশে দাঁড়াতে একাধিক আর্থিক প্রকল্পের ঘোষণা করেছে সরকার। এই সমস্ত সরকারি প্রকল্পগুলির সুবিধা যাতে সমস্ত মানুষ পায় তার জন্য চালু হয়েছে দুয়ারে সরকার। এদিকে কয়েকদিন আগেই গোটা রাজ্যে ফের বসেছিল দুয়ারে সরকার। ক্যাম্পে ক্যাম্পে ছিল বিস্তর ভিড়। এদিকে ভুরি ভুরি নয়া প্রকল্পে গুরুত্ব দিতে গিয়ে বন্ধ করে দেওয়া হচ্ছে গরিবদের আর্থিক সুবিধা প্রকল্প। আর তা নিয়েই তৃণমূল বোর্ডের বিরুদ্ধে সরব খোদ তৃণমূল কাউন্সিলররাই। শুরু হয়েছে রাজনৈতিক তরজাও। অনেকেই বলছেন, অন্যান্য প্রকল্পগুলিকে গুরুত্ব দিতে গিয়ে সুকৌশলে বন্ধ করে দেওয়া হয়েছে শহরের দরিদ্রদের আর্থিক সাহায্য প্রকল্প। এদিকে এই টাকা বন্ধ করে রাখা এবং কেন চালু করা যাচ্ছে না, তা নিয়ে কলকাতা পুরসভার মাসিক অধিবেশনে খোদ তৃণমূল কাউন্সিলররাই সরব হলেন। এই ঘটনায় বাস্তবিক-ই বিড়ম্বনায় নিজেদের বোর্ডকে।

শোনা যাচ্ছে, গত ২০২২ সাল থেকে ধীরে ধীরে বন্ধ করা হচ্ছিল দরিদ্রদের জন্য আর্থিক প্রকল্প। ২০২৫ সালের শুরুতে জানিয়ে দেওয়া হয় যেহেতু লক্ষীর ভাণ্ডার দেওয়া হচ্ছে, তাই

গরিবদের জন্য আর কোনও প্রকল্প নয়। কলকাতা পুরসভা সূত্রে জানা গিয়েছে, এই আর্থিক সুবিধাকে বলা হতো, 'জি আর'। শহরে বসবাসকারী মানুষদের মধ্যে যাঁরা অত্যন্ত দরিদ্র, তাঁদের হাতে বার্ষিক ১৪৪০ টাকা তুলে দেওয়া হতো পুরসভার তরফে। রাজ্য সরকারের বিপর্যয় মোকাবিলা দপ্তরের একটি তহবিল থেকে কলকাতা পুরসভার জন্য এই অর্থ অনুমোদিত হতো।

প্রশাসনিক মহলের দাবি, বার্ষিক প্রায় ১০ হাজারের বেশি দারিদ্র্যসীমার নিচে থাকা মানুষজন এই টাকা হাতে পেতেন। যা সম্পূর্ণ রূপে বন্ধ হয়ে যাওয়ায় চরম আর্থিক সমস্যায় ভুগছেন প্রাপকরা। বিভিন্ন ওয়ার্ডের প্রাপকরা সরাসরি নিজেদের জনপ্রতিনিধির কাছে বিষয়টি তুলেছেন। মানুষের ক্ষোভ সামলাতে গিয়ে তিতিবিরক্ত তৃণমূলের জনপ্রতিনিধিরা। তাঁদের অবশ্য দাবি, পুরসভা যেভাবে আর্থিক কষ্টে ভুগছে, তাতে এই প্রকল্প বন্ধ হওয়া শুধু সময়ের অপেক্ষা ছিল। কিন্তু, কোনওরকম বিজ্ঞপ্তি ছাড়াই কেন বিপাকে ফেলা হল দুঃস্থ মানুষগুলিকে? প্রশ্ন ঘুরছে প্রশাসনের অন্দরেই। কলকাতা পুরসভার ২৪ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর ইলোরা সাহা বলেন, 'উত্তর পেতেই প্রশ্ন তুলছিলাম। কিন্তু পুরসভার তরফ থেকে সঠিক উত্তর পাইনি।' এই প্রসঙ্গে এক ভুক্তভোগী বলেন, 'ওই টাকা দিয়ে আমাদের খুবই সুবিধা হতো। চার বছর হয়ে গেল টাকাটা পাচ্ছি না।' ১০৮ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর সুশান্ত ঘোষ যদিও বলছেন, '২ বছর ধরে জি আরটা বন্ধ আছে। তবে যা শুনেছি খুব শীঘ্রই এটা চালু করা হবে।' খোঁচা দিতে ছাড়েনি বিজেপি। ৫০ নম্বর ওয়ার্ডের বিজেপি কাউন্সিলর সজল ঘোষ কটাক্ষের সুরে জানান, 'মুখ্যমন্ত্রীর একদিনের সভা বাতিল হলেই এই মানুষগুলো টাকা পেতেন।' যদিও মেয়র ফিরহাদ হাকিম বলছেন, 'জিআর টাকা এলেই তো আমরা সবাইকে দিয়ে দিই। কিন্তু এখন মানুষের খুব একটা অসুবিধা হচ্ছে না কারণ সব মহিলাই লক্ষ্মীর ভাণ্ডার পাচ্ছেন।'

রাজ্য বাজেটকে স্বাগত জানাল প্যাটন গ্রুপ

নিজস্ব প্রতিবেদন: মমতার সরকার ঘোষিত রাজ্য বাজেটে সামগ্রিক উন্নয়নের সঙ্গে প্রাসঙ্গিক অনেকগুলি সমস্যাকে একযোগে মোকাবেলা করার জন্য একাধিক কৌশল গ্রহণ করেছে। যেমন গ্রামীণ যোগাযোগ উন্নত করা, নদীভাঙন রোধ করা এবং কৃষি সহায়তা বৃদ্ধিতে নজরকে স্বাগত জানিয়েছেন প্যাটন গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর সঞ্জয় বুধিয়া। ৪.৭৫ কিলোমিটার দীর্ঘ গঙ্গাসাগর সেতু নির্মাণের জন্য ৫০০ কোটি টাকা বরাদ্দ একটি গেম চেঞ্জার হবে এবং ধর্মীয় পর্যটন বৃদ্ধিতে অত্যন্ত সহায়ক হবে। বাংলার বাড়ি প্রকল্পের অধীনে আরও ৯৬০০ কোটি টাকা বরাদ্দের জন্য আরও ১৬ লক্ষ বাড়ি নির্মাণের ফলে সামাজিক এবং অর্থনৈতিক উভয় ক্ষেত্রে প্রভাব পড়বে।

সম্পাদকীয়

অবৈধ খাজনা আদায়ের অধিকার অর্জন করতেই কি শাসকদলকে সমর্থন বেশ কিছু মানুষের

সম্প্রতি রাজ্য শাসক দলের নেতা-মন্ত্রীরা দুর্নীতির দায়ে একে একে জেলবন্দি হয়েছেন। প্রবাদ আছে, যে যায় লঙ্কায়, সে-ই হয় রাবণ। তাই 'শাসক' মাত্রেই 'দুর্নীতি' করবেন; এই ধারণা অধিকাংশ রাজ্যবাসীর মনে গেঁথে যাওয়ায় দীর্ঘ দিন ধরে এই সরকারের আমলে এত দুর্নীতিতেও নাগরিক সমাজে, এমনকি তথাকথিত 'বুদ্ধিজীবী' সমাজেও তেমন জোরালো প্রতিক্রিয়া দেখা যায়নি। কিন্তু আর জি কর মেডিক্যাল কলেজে কর্তব্যরত মহিলা চিকিৎসককে ধর্ষণ-খুনের পরে প্রশাসনিক তৎপরতায় অপরাধের সমস্ত তথ্যপ্রমাণ নষ্ট করা হয় বলে অভিযোগ ওঠে। ফলে রাজ্য তথা দেশ জুড়ে নজিরবিহীন নাগরিক আন্দোলন গড়ে ওঠে। স্বাধীনতা-পরবর্তী বাংলায় এ রকম অরাজনৈতিক স্বতঃস্ফূর্ত গণআন্দোলন কখনও দেখা যায়নি। কালের নিয়মে, আন্দোলন একটু কমে এলে প্রশাসন আবার 'স্বমূর্তি' ধারণ করে। ফলস্বরূপ, অন্যতম প্রধান অভিযুক্ত তৎকালীন অধ্যক্ষকে 'বাঁচানো'র সব রকমের চেষ্টা করা হয়েছিল। তাঁর বিরুদ্ধে চার্জশিট দাখিল করার অনুমতি না দেওয়ায় ওই মামলায় তিনি জামিনও পেয়ে যান। মানুষকে স্বাস্থ্য-সুরক্ষা দেওয়ার দায়িত্ব গণতান্ত্রিক সরকারের। কিন্তু তার বদলে সরকারি হাসপাতালে চিকিৎসক-সহ নানা অভাব, দালাল চক্র, ভেজাল ওষুধ নিয়ে ব্যবসা ইত্যাদি চলছেই, যা এক প্রকার সরকার-পোষিত ব্যবসা-তন্ত্র। প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী পুলিশ-নেতা-মন্ত্রী-আমলাদের বকুনি দিচ্ছেন। সম্ভবত দুর্নীতি দমনে বকুনির অতিরিক্ত আর কিছু করতে তিনি নারাজ। তাই শাসক দলের সঙ্গে লতায়-পাতায় যোগ, এমন দুষ্কৃতীরাও বুক ফুলিয়ে ঘুরে বেড়ায়, তাদের কেশাগ্র স্পর্শ করার সাহস বা ইচ্ছা পুলিশের নেই। দুর্নীতির লোম বাছতে বসলে তৃণমূলের কম্বলটি আর টিকত না। প্রসঙ্গত মনে হল, বিভিন্ন হাসপাতালে মৃতপ্রায় রোগীদের বাঁচাতে গেটের সামনে লাইন ধরে বসে থাকেন তাবিজ-বিক্রেতারা, যাঁদের দাবি, তাবিজ ধারণ নাকি সকল রোগের অব্যর্থ উপশম। এমনকি ওই সব তাবিজ পরলে নাকি সাপ, ভূত কেউই কাছে ঘেঁষতে পারে না। সেখানে মরণাপন্ন রোগীর পরিবারদের ভিড় জমে। ঠিক সেই রকম, অবৈধ খাজনা আদায়ের অধিকার অর্জন করতেই কি 'তৃণমূল-তাবিজ' ধারণ করছেন নেতা-মন্ত্রী-সান্ত্রি-পুলিশ'সহ রাজ্যের এক বিরাট সংখ্যক মানুষ, যাতে শত অপরাধেও তাঁদের সাত খুন মাপ হয়ে যায়?

শব্দবাণ-১৯১

১		২		৩	■	■
	■		■	৪		■
	■	■	■		■	■
৫		৬	■	৭		৮
■	■		■	■	■	
■	৯		■	১০	■	
■	■	১১				

শুভজ্যোতি রায়

সূত্র—পাশাপাশি: ১. ব্রাহ্মণশ্রেষ্ঠ ৪. কথ্যে হাড় ৫. পিতা ৭. চীনা ফলবিশেষ ৯. ধাক্কা ১১. গোল আকার।

সূত্র—উপর-নীচ: ১. চন্দ্র ২. সৃষ্টি, উৎপত্তি ৩ .শিবের রুদ্ররূপ ৬. ভ্রমর ৮. অত্যন্ত বিক্ষুব্ধ বা আন্দোলিত ১০.গুপ্ত, অপ্রকাশিত।

সমাধান: শব্দবাণ-১৯০

পাশাপাশি: ১. উপপাতক ৩. আয়স ৫. বরজ ৭. পলক ৮. নকলি ১০. দিনকতক।

উপর-নীচ: ১. উপায় ২. তত্ত্বাবধান ৩. আলাপ ৪. সংকলন ৬. জংলি ৯. কটক।

জন্মদিন

আজকের দিন

মধুবালা

১৯৩৩ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী মধুবালার জন্মদিন।*
১৯৫২ *বিশিষ্ট রাজনীতিবিদ সুষমা স্বরাজের জন্মদিন।*
১৯৬২ *বিশিষ্ট ফুটবল খেলোয়াড় কৃশানু দের জন্মদিন।*

রাজ্যে আর্থিক জোয়ার আসা অতি আবশ্যক

শুভজিৎ বসাক

বিগত কয়েকবছর ধরেই রাজ্যের আর্থিক অবস্থা সঙ্গীন হয়ে চলেছে যার মূলে রাজ্যে মন্ত্রীদের দুর্নীতি ও তার জেরে উত্তাল রাজ্য রাজনীতি, চিকিৎসক মৃত্যু ও তার জেরে প্রতিবাদ, শাসক বিরোধী বাদানুবাদের জেরে ভুক্তভোগী সাধারণ মানুষ, রাজ্য সরকারী কর্মচারী ও অবসরপ্রাপ্ত পেনশনভুক কর্মীরা। এসব ডামাডোল সামলাতে গিয়ে রাজ্য বিশেষভাবে নজর দিতে অসমর্থ তার আয়ের উৎসে যারফলে আর্থিক স্বাস্থ্যের মাপকাঠিতে পশ্চিমবঙ্গ রয়েছে শেষ সারিতে থাকা রাজ্যগুলির তালিকায়, জানিয়েছে নীতি আয়োগ।

প্রসঙ্গত, দেশের বড় রাজ্যগুলির মধ্যে ২০২২-২৩ সালে রাজকোষের স্বাস্থ্যের মাপকাঠিতে মোট ১৮টি রাজ্যকে চারটি শ্রেণিতে ভাগ করা হয়েছে। যেখানে শেষ সারির রাজ্যগুলিকে নিজস্ব আয় খুবই কম হওয়ায় রাজস্ব ঘাটতির লক্ষ্যমাত্রা ছুঁতে হিমশিম খেতে হচ্ছে। ফলে দেনার বোঝা ক্রমশ বাড়ছে। তুলনায় সামনের সারিতে থাকা রাজ্যগুলি পরিকাঠামো তৈরিতে রাজ্যের জিডিপির প্রায় ৪ শতাংশ খরচ করছে, কর ছাড়া অন্যান্য উৎস থেকে আয় বৃদ্ধি করার ফলে উদ্বৃত্ত রাজস্ব থাকছে। রাজস্ব আয়ের সামান্য অংশ ঋণের সুদ মেটাতে খরচ হচ্ছে তাদের।

নীতি আয়োগ কমিটির প্রকাশিত রিপোর্ট অনুযায়ী রাজ্যের আয়ের মূল উৎস জিএসটিতে রাজ্যের ভাগ। গত পাঁচবছর ধরে তা বাড়লেও কর বাদে অন্য উৎস থেকে আয় পাঁচ বছর ধরে কমছে। এছাড়াও করোনা পর্ব থেকে সমাজের কিছু শ্রেণীর মানুষকে আর্থিকভাবে স্বাবলম্বী করার উদ্দেশ্য বিভিন্ন পরিসরে চালু হওয়া অনুদানের উপরে নির্ভরশীলতা উত্তরোত্তর বেড়ে চলেছে আর এতে আর্থিক শৃঙ্খলার ক্ষেত্রে রাজস্ব ঘাটতি ওঠানামা করছে। রাজকোষ ঘাটতি সামান্য কমলেও তা ৩ শতাংশের এর উপরে। রাজ্যের জিডিপির তুলনায় দেনার হার ২০১০-১১ সালে ছিল ৪০.৭ শতাংশ যা ২০১৮-১৯ সালে কমে ৩৫.৭ শতাংশ হলেও ২০২০-২১ সালে তা বেড়ে ৪২.৬ শতাংশে চলে গিয়েছিল। ২০২২-২৩ সালে তা কিছুটা কমে ৩৮.২ শতাংশে নেমে এসেছে। কিন্তু রাজস্ব আয়ের ২০ শতাংশের বেশি অর্থ পুরানো ঋণ সুদ মেটাতে খরচ হয়ে যাচ্ছে। ফলে পশ্চিমবঙ্গে উন্নয়নের জন্য খরচে টান পড়ছে- এমনই পর্যবেক্ষণ নীতি আয়োগের।

এই খরচের সরাসরি প্রভাব পড়ছে রাজ্যের সামগ্রিক পরিষেবায় কারণ সরকার রাজ্যের স্বাস্থ্য পরিষেবা, প্রশাসনিক খাতে, বিভিন্ন দফতরের পরিকাঠামো রক্ষণাবেক্ষণ সহ নানা জনকল্যাণমূলক কাজে নিজস্ব আয়ের একটা অংশ ব্যয় করে যা রাজ্যের আয় সীমিত হয়ে পড়ায় সঙ্কুচিত হচ্ছে। শিক্ষা, স্বাস্থ্য, খাদ্যের মত মৌলিক অধিকারকে রাজ্যকে সুনিশ্চিত করতেই হবে সেক্ষেত্রে আপোষহীন থাকা প্রশাসনের কর্তব্য। একইসাথে দিন দিন প্রতিটি সামগ্রীর ব্যয় বৃদ্ধিপ্রাপ্ত হওয়ায় রাজ্যের বিভিন্ন পরিসরে নিযুক্ত সরকারী কর্মীদের মধ্যে ভবিষ্যত নিয়ে আশঙ্কার জেরে তাদের মনসংযোগের ঘাটতির প্রভাব সরকারী কাজে পড়তে বাধ্য হচ্ছে। খরচ এড়াতে বিভিন্ন দফতরে চুক্তিভিত্তিক কর্মী নিয়োগ মোটেই তার সমাধান হতে পারে না কারণ স্থায়ী সরকারী কর্মীদের দক্ষতা ব্যতিরেকে রাজ্য প্রশাসনের চলাচল অনিশ্চিত সেক্ষেত্রে সরকারী কর্মীদের আয়কে বাজারদরের সাথে সঙ্গতিপূর্ণ রেখে চলা রাজ্যের দায়িত্ব। এককালীন রাজ্যকে সচল রাখতে দক্ষ অবসরপ্রাপ্ত কর্মীদের দিকেও রাজ্য সরকারের নজরদান আবশ্যক। প্রয়োজন বিপুল আর্থিক পরিকাঠামো সংস্কারের যা বিগত কয়েকবছর ধরে নানা প্রশাসনিক ও রাজনৈতিক কারণে একপ্রকার স্তব্ধ হয়ে রয়েছে। বিভিন্ন পরিসরে দুর্নীতি পশ্চিমবঙ্গ সরকারকে কালিমালিপ্ত করেছে যার জেরে বিনিয়োগ আশানুরূপ হয়নি এর বিরুদ্ধে সরকারকে কঠোরতা অবলম্বন করতেই হবে। বিরোধীদেরও মসনদের কথা না ভেবে সরকারের পাশে এসে দাঁড়িয়ে দায়বদ্ধতা দেখাতে হবে, শুধুই দিশাহীন আন্দোলন করে রাজ্যকে গতিহীন করে রাখলে জনগণ তার অসুবিধা ভোগ করলে তার ফল তাদের অতীতের মতোই ভুগতে হবে। মানুষ প্রত্যাখ্যান করবে। তাই নীতি আয়োগের প্রকাশিত রিপোর্টকে সামনে রেখে আগামী দিনের রূপরেখা গঠিত হোক। রাজ্যে আসুক নতুন আর্থিক জোয়ার।

এআই ডাক্তার

অর্ক গোস্বামী

সাল দুহাজার 'এক্স' (যেমনটা বীজগণিতে অজ্ঞাত মানের ক্ষেত্রে ধরা হয়)। আপনি অসুখ নিয়ে এআই মেডিক্যাল ক্লিনিকে গিয়েছেন। আপনার বায়োমেট্রিক ডেটা থেকে আপনার ব্যক্তিগত পরিচয়, বংশ পরিচয় এবং কী কী রোগের সম্ভাবনা আছে জেনে নিলো ডাক্তার এআই। শুধু কী তাই? এরপর সামান্যতম রক্ত, ঘাম, ইত্যাদি ইত্যাদি পরীক্ষা করে আপনার অসুখের মূল কারণ এবং সম্ভাব্য বিপদের বিশদ ময়নাতদন্ত করে ফেলবে ভার্চুয়াল ডাক্তারবাবু । যিনি ইতিমধ্যে অন্তর্ভেদী দৃষ্টি দিয়ে আপনার সকল মেডিক্যাল হিস্ট্রি করায়ত্ত থুড়ি 'ডেটা' আয়ত্ত করে ফেলেছে।এত গেলো কেবল রোগীকেন্দ্রীক কেরামতি । এআই এর আসল ম্যজিক অন্যখানে। ভিন্ন ভিন্ন জাতি, জলবায়ু, খাদ্যাভ্যাস, দূষণের প্রভাব ইত্যাদি হাজারো প্যারামিটারকে মাথায় রেখে দ্রুত কাস্টামাইজড ওষুধ তৈরি কলাকৌশলও উদ্ভাবন করতে পারবে এই প্রযুক্তি । ইতিমধ্যে স্বাস্থ্য পরিষেবায় এআই এর সম্ভাব্য সুফলগুলি প্রমাণিত যার মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ হলো রোগ নির্ধারণের সময় হ্রাস এবং রোগের নিয়মিত 'ট্র্যাকিং' যা একজন রোগীর ক্ষেত্রে ভবিষ্যতে কীকী জটিলতা সৃষ্টি করতে পারে সে বিষয়ে ডাক্তারদের আগাম আভাস দিতে সক্ষম। তবে স্বাস্থ্যপরিসেবায় এআই-এর ব্যবহার সামগ্রিকভাবে বিতর্ক মুক্ত নয়। প্রথমতঃ ভালোমানের মেডিক্যল এআই পরিসেবা দিতে গেলে বিপুল সংখ্যক রোগীর স্বাস্থ্যবিষয়ক তথ্য এআই সিস্টেমে 'ডিজিটালি ফিড' করাতে হবে। এখানে মানবাধিকার সংস্থা সহ বহু সাধারণ মানুষের আপত্তি থাকতে পারে কারণ এইজাতীয় তথ্যগুলি অত্যন্ত ব্যক্তিগত। কিন্তু মনে রাখতে হবে বৃহত্তর স্বার্থে এই বিষয়টি উপেক্ষা করা যেতে পারে কারণ ডিজিটাল তথ্য সুরক্ষিত ভাবে জমা রাখার উপযুক্ত পরিকাঠামো এখন কম বেশি সব দেশেই উপস্থিত।খেয়াল রাখতে হবে যত বেশি বৈচিত্যের তথ্য এআই সিস্টেম কা 'ফিড' করানো যাবে তত বেশি রোগনির্ণয় সহজ হবে যার সোজাসুজি ফল হবে উল্লেখযোগ্য হারে সময়ে রোগ নির্ণয় এবং রোগীর অকাল মৃত্যুহ্রাস। দ্বিতীয় সমস্যাটি হল এআই সিস্টেমটিকে যথাযথভাবে পরিচালনা এবং নিয়ন্ত্রন করা। বিশেষত বিভিন্ন দেশের জাতীয় এআই নিয়ন্ত্রক সংস্থাগুলিকে ঢেলে সাজাতে হবে যাতে দ্রুত এআই উদ্ভাবনগুলির পরীক্ষা নিরীক্ষা হয়ে যায় এবং রোগীর স্বার্থে ব্যবহারের সুযোগ পাওয়া যায়। এছাড়া নিয়মিত এআই সিস্টেমের 'প্রাণ' অ্যালগরিদমের উপর নজর রাখতে হবে যাতে পরিসেবার সুরক্ষা এবং বিশ্বাসযোগ্যতা বজায় থাকে। এক্ষেত্রে সকল দেশকে এক সাথে জোট বদ্ধ হয়ে বিশ্বব্যপী 'সিঙ্গল বাট ডায়নামিক' নীতি গ্রহণ করতে হবে যাতে সব দেশেই স্বাস্থ্যপরিসেবার ন্যূনতম মান বজায় থাকে। সবশেষে আরো একটি সমস্য মাথাচাড়া দেবে - স্বাস্থ্যখাতে বাজেট বৃদ্ধি সত্বে ব্যপকহারে কর্মসংস্থানের অভাব এবং কাজ থেকে ছাটাই। সম্ভাব্য হিসেব বলছে ২০৩০ সালের মধ্যে গোটা বিশ্বে সরকারী বেসরকারী মিলিয়ে ১ কোটি স্বাস্থকর্মীর বেকারত্বের জীবন যাপন করবে। পাশাপাশি সামগ্রিকভাবে বর্তমানে বাজেটের প্রায় তিরিশ শতাংশ সাশ্রয় হবে। এক্ষেত্রে পরিসেবা প্রদানকারীসংস্থা তথা সরকারী দপ্তরগুলির নীতিনির্ধারকদের একটি বিষয় খেয়াল রাখতে হবে — সাধারণ মানুষের অভিজ্ঞতা যেন সন্তোষজনক হয়। বর্তমানে সশরীরে উপস্থিত ডাক্তারের সাথে রোগীর যে ইন্টারপার্সোনাল সম্পর্ক গড়ে উঠে, রোগ নিরাময়ে বিশেষত মানসিক সমস্যার ক্ষেত্রে, তা অনস্বীকার্য। এআই ডাক্তার সেই মানের 'এমপ্যাথী' দেখাতে পারবে কিনা তা এখনো সংশয়মুক্ত নয়। পরিশেষে বলা যায় এআই বা কৃত্তিম বুদ্ধিমত্তা নির্ভর স্বাস্থ্যপরিসেবার উন্নয়নে সরকারি উদ্যোগ একান্ত প্রয়োজনীয়। যদিও বেসরকারী কোম্পানী গুলির গুরুত্বও অনস্বীকার্য। বেশ কিছু বিমা কোম্পানী ইতিমধ্যে 'জেনুইন কেসে' পরিসেবা নাকচ করার মতো ভুল করেছে, ভুল হয়েছে এআই এর অ্যালগরিদমে। এমতাবস্থায় সংশ্লিষ্ট সকল সংস্থাকে এআই পরিসেবার গুণগতমান এবং সুরক্ষা সুনিশ্চিত করতে হবে। যেকোন নতুন উদ্ভাবনের মতো কৃত্তিম বুদ্ধিমত্তা নির্ভর স্বাস্থ্যপরিসেবাও ত্রুটিমুক্ত নয়। তবে এই প্রযুক্তির ভালো দিআ এতটাই যার জন্য বিপুল খরচ এবং হাড়ভাঙা পরিশ্রম করতে পিছপা হওয়ার উপযুক্ত কারণ নেই।

ভ্যালেন্টাইন

সিদ্ধার্থ সিংহ

যিনি নিজের জায়গায় ঠিক থাকবেন
মৃত্যুর পরেও তিনি বেঁচে থাকবেন।

প্রাচীন রোমে জুনো পুজোর জন্য
চোদ্দোই ফেব্রুয়ারি ছুটি থাকত।
জুনো শুধু ওখানকার দেব-দেবীদের রানিই ছিলেন না
ছিলেন বিবাহেরও দেবী।
সেই পুজো উপলক্ষে বেশ কয়েক দিন ধরে চলত
লিউপারকেলিয়া উৎসব।

এই উৎসবটা ছিল ভারি মজার।
এলাকার অবিবাহিতা তরুণীরা নিজেদের নাম একটা চিরকুটে লিখে
গির্জার সামনে রাখা নির্দিষ্ট কাচের জারে ফেলে দিতেন
আর অবিবাহিত পুরুষেরা
সেখান থেকে যে যাঁর মতো একটা চিরকুট তুলে নিতেন।
যাঁর চিরকুটে যে মহিলার নাম লেখা থাকত
তিনি তাঁকে নিয়েই উৎসবের ওই ক'টা দিন মেতে থাকতেন।
উৎসবের শেষে যদি উভয়েরই উভয়কে ভাল লেগে যেত
তা হলে তাঁরা বিয়ে করে নিতেন।

কিন্তু সম্রাট দ্বিতীয় ক্লডিয়াসের রাজত্বকালে
শুরু হল ভীষণ যুদ্ধ
হাত ছাড়া হয়ে গেল বহু রাজ্য।
সম্রাট দেখলেন, ওগুলো ফেরাতে গেলে আরও সৈন্যর দরকার
কিন্তু অবাক কাণ্ড, রাজ্যের কোনও যুবকই যুদ্ধে যেতে রাজি নয়।

কিন্তু কেন? কে যেন তখন বললেন —
প্রেম-ভালবাসা, ঘর-সংসার
আর ছেলেমেয়েদের মায়াই
একটা পুরুষকে আষ্টেপৃষ্টে বেঁধে রাখে।
তাই বিশাল বাহিনী গড়ে তোলার জন্য
তিনি সে দিনই আইন জারি করলেন —
কেউ আর বিয়ে করতে পারবে না।
বিয়ে করা শাস্তিযোগ্য অপরাধ।
যারা এই আদেশ অমান্য করবে, তাদের শিরচ্ছেদ করা হবে।
কিন্তু আইন করে তো সব কিছু বন্ধ করা যায় না,
ফলে লুকিয়ে-চুরিয়ে, চুপিসারে প্রণয়পর্ব চলতেই লাগল।

এই সময় রোমে এক যাজক ছিলেন।
তাঁর নাম — ভ্যালেন্টাইন।
তিনি এই তরুণ-তরুণীদের কাছে ত্রাতার মতো আবির্ভূত হলেন।
তাঁর গির্জাতেই নিশুতি রাতে
মোমবাতির কাঁপা কাঁপা আলোয়
একের পর এক বিবাহ হতে লাগল।

বেশি সময় লাগল না
গুপ্তচরের মারফত সেই খবর পৌঁছে গেল সম্রাটের কাছে।
এক গভীর রাতে ভ্যালেন্টাইন যখন কয়েকটা জুটির একসঙ্গে বিয়ে দিচ্ছেন
ঠিক তখনই, সেখানে আচমকা হানা দিল সম্রাটের অনুচরেরা।
বিয়ের জন্য হাজির হওয়া বর-কনেরা পালিয়ে বাঁচলেন ঠিকই
কিন্তু ফৌজের হাতে ধরা পড়ে গেলেন ভ্যালেন্টাইন।
দুশো ঊনসত্তর খ্রিস্টাব্দের চোদ্দোই ফেব্রুয়ারি
বিবাহের দেবী জুনো পুজোর দিন
তাঁর শিরচ্ছেদ করা হল।

বন্দি থাকার সময় কারা-অধিকর্তার একমাত্র মেয়ের
প্রেমে পড়ে যান তিনি।
মৃত্যুর আগে ছোট্ট একটা কাগজের টুকরোয়
তিনি তাঁকে লিখেছিলেন,
রাজা ক্লডিয়াস কোনও দিনই ভালবাসার গতি
রোধ করতে পারবেন না।
এই যুদ্ধে শেষ পর্যন্ত প্রেমিক-প্রেমিকারাই জয়ী হবে।

তাঁর সেই ভবিষ্যদ্বাণী মিথ্যে হয়নি।
যিনি নিজের জায়গায় ঠিক থাকবেন
মৃত্যুর পরেও তিনি ঠিক বেঁচে থাকবেন।
ভ্যালেন্টাইন আজও বেঁচে আছেন।
যত দিন এই পৃথিবীতে প্রেম থাকবে
যত দিন কুঁড়ি তার পাপড়ি মেলবে
যত দিন নদীতে বইবে তিরতিরে ঢেউ
তত দিন, তত দিন তিনি বেঁচে থাকবেন আমাদের মধ্যে
আমাদের মনের গভীরে।

চাঁচলে সুপার স্পেশ্যালিটি হাসপাতালে চিকিৎসা পরিষেবা তদারকিতে জেলাশাসক

শোকজ চাঁচল মহকুমা খাদ্য সুরক্ষা আধিকারিক, শিল সারের দোকান

নিজস্ব প্রতিবেদন, মালদা: চাঁচল সুপার স্পেশ্যালিটি হাসপাতালের চিকিৎসা পরিষেবা সংক্রান্ত বিষয়ে তদারকি চালালেন মালদার জেলাশাসক নীতিন সিংহানিয়া। আর সেই সময় চাঁচল সুপার স্পেশ্যালিটি হাসপাতালে দোতলায় মহকুমা খাদ্য সুরক্ষা আধিকারিকের অফিসে হঠাৎ করে চলে যান জেলাশাসক। সেখানেই সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিককে দেখতে না পেয়ে রেগেও চটে যান জেলাশাসক নীতিন সিংহানিয়া। এরপরই চাঁচল মহকুমা খাদ্য সুরক্ষা আধিকারিক রাহুল মণ্ডলকে শোকজ করেন জেলাশাসক। শোকজের সঠিক জবাব না মিললে সাসপেন্ড করার কথাও জানিয়েছেন জেলাশাসক নীতিন সিংহানিয়া। পাশাপাশি এদিন চাঁচল ১ ব্লকের বারোগাছিয়া এলাকায় একটি সারের দোকানে অভিযান চালায় জেলাশাসক। সেই দোকানে সার বিক্রিতে অনিয়ম হাতেনাতে ধরে ফেলেন জেলা প্রশাসনের পদস্থ কর্তারা। এরপরই ওই দোকানটি সিল করে দেওয়ার নির্দেশ দেন জেলাশাসক নীতিন সিংহানিয়া। বৃহস্পতিবার দুপুর বারোটা থেকে দিনভর চাঁচল শহরের বিভিন্ন এলাকায় সরকারি চিকিৎসা পরিষেবা সহ বিভিন্ন বিষয়গুলির খতিয়ে দেখেন জেলাশাসক নীতিন সিংহানিয়া।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, এদিন দুপুর বারোটা নাগাদ জেলাশাসক নীতিন সিংহানিয়া প্রথমে চাঁচল সুপার স্পেশ্যালিটি হাসপাতালের চিকিৎসা পরিষেবার বিষয়গুলি খতিয়ে দেখেন। এই হাসপাতালের ভিতরে দোতলায় রয়েছে মহকুমা খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিকের অফিস। সেখানে গিয়ে জেলাশাসক দেখতে পান, দপ্তরে আসেননি মহকুমা খাদ্য সুরক্ষা আধিকারিক রাহুল মণ্ডল। তারপরেই শোকজ করা হয় তাঁকে। এদিন দুপুরে চাঁচল ১ ব্লক প্রশাসন ও মহকুমা প্রশাসনের আধিকারিকদের নিয়ে বারোগাছিয়া এলাকায় একটি সারের দোকানে অভিযান চালাতে গিয়ে বেশ কিছু বেনিয়ম দেখতে পান জেলাশাসক। পাশাপাশি সরকারি কাগজপত্র ছাড়া বেশ কিছু কীটনাশক মজুত রয়েছে ওই দোকানে। এরপরই জেলাশাসক ব্লক প্রশাসন ও ব্লক কৃষি আধিকারিককে ওই দোকানটি শিল করার নির্দেশ দেন। এদিন উপস্থিত ছিলেন চাঁচল মহকুমা শাসক শৌভিক মুখার্জি, চাঁচলের এসডিপিও সোমনাথ সাহা, চাঁচল ১ ব্লকের বিডিও থিনলে ফুন্টসক ভুটিয়া সহ অন্যান্যরা। জেলাশাসক নীতিন সিংহানিয়া জানিয়েছেন, সুপার স্পেশ্যালিটি হাসপাতালে এসএনসিইউতে ১০ ও সিসিইউতে ৪ টি বেড বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাশাপাশি এদিন হাসপাতালের দোতলায় থাকা মহকুমা খাদ্য সুরক্ষা দপ্তরে তালা কেন মারা ছিল সে ব্যাপারেও শোকজ করা হয়েছে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিককে। সমস্ত রকমভাবে এই মহকুমার বিভিন্ন এলাকায় সরকারি সার্বিক পরিষেবা ব্যবস্থাগুলিও তদারকি করে দেখা হয়েছে।

এসবিআই এসবিআই হোম লোন সেন্টার, কল্যাণী (৬৪২২০)
বি-৯/১৩৯, সিভিক সেন্টার, সেন্ট্রাল পার্ক, পো. এবং থানা - কল্যাণী
জেলা - নদিয়া, পিন - ৭৪১২৩৫, ইমেল : sbi.64220@sbi.co.in

পরিশিষ্ট - ৪ (রুল ৮(১)
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

A/C No.-11051595075 (HTL), A/c No- 30140374029 (Additional House Loan)

যেহেতু
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, হোম লোন সেন্টার, কল্যাণী শাখা অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী ২০০২ সালের (২০০২ এর নং ৩) সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিতব্য ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে **১৩.১১.২০২৪** তারিখে **ঋণগ্রহীতা - শ্রী প্রসূন কুমার রায় পিতা প্রয়াত চারু চন্দ্র রায় এবং শ্রীমতি রঞ্জনা রায় স্বামী শ্রী প্রসূন কুমার রায়, জামিনদাতা শ্রী পার্থ সারথী রায় পিতা প্রয়াত চারু চন্দ্র রায়, ১৯/২, জান মহম্মদ ঘাট রোড, পো এবং থানা : নৈহাটি, জেলা : উত্তর ২৪ পরগনা,পিন ৭৪৩১৬৫, নোটিশে উল্লিখিত বকেয়া পরিমাণ ৬,০৭,৫৯২.৮৬ টাকা অ্যাকাউন্ট নং ১১০৫১৫৯৫০৭৫ এবং ১,৫০,৯৫৭ টাকা , অ্যাকাউন্ট নং ৩০১৪০৩৭৪০২৯ মোট পরিমাণ ৭,৫৮,৫৪৯.৮৬ (সাত লাখ আটান্ন হাজার উনপঞ্চাশ টাকা ছিয়াশি পয়সা) টাকা ১৫.১২.২০২৩ অনুযায়ী** এবং পুঞ্জিভূত সুদ সংশ্লিষ্ট তারিখ পর্যন্ত উশুলের জন্য ইত্যাদি সহ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য এক দাবি নোটিস ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা/জামিনদাতা এবং সাধারণের প্রতি অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৪) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে **১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে** নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তির স্বত্ব দখল করেছেন।
ঋণগ্রহীতা/জামিনদাতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই সংশ্লিষ্ট সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, হোম লোন সেন্টার কল্যাণী শাখা ৬,০৭,৫৯২.৮৬ টাকা অ্যাকাউন্ট নং ১১০৫১৫৯৫০৭৫ এবং ১,৫০,৯৫৭ টাকা , অ্যাকাউন্ট নং ৩০১৪০৩৭৪০২৯ মোট পরিমাণ ৭,৫৮,৫৪৯.৮৬ (সাত লাখ আটান্ন হাজার উনপঞ্চাশ টাকা ছিয়াশি পয়সা) টাকা ১৫.১২.২০২৩ অনুযায়ী সংশ্লিষ্ট তারিখ পর্যন্ত পুঞ্জীভূত সুদ সহ** পরবর্তী সুদ, তাৎক্ষণিক ব্যয়, মূল্য ইত্যাদি সহ।
ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

স্থাবর সম্পত্তির বিবরণ

সংশ্লিষ্ট সকল অংশ বাস্তু জমি পরিমাণ কমবেশি ০১ কাঠা ১০ ছটাক ৩৫ বর্গফুট অবস্থিত জেলা উত্তর ২৪ পরগনা, থানা : নৈহাটি, নৈহাটি পুরসভা অধীন,ওয়ার্ড নং ০৪,হোল্ডিং নং ১৯/২, জান মহম্মদ ঘাট রোড,মৌজা : কাঠালপাড়া, আরএস খতিয়ান নং ৯২৮, আরএস দাগ নং ১৮৫ এবং ১৮৩, এলআর দাগ নং ৫২৮ এবং ৫২৭, এসআর খতিয়ান নং ৫৫১৯, ৫৫২০ এবং ৫৫২১, এডিএসআর অফিস -নৈহাটি, বুক নং ১, ভল্যুম নং ৬২, পৃষ্ঠা ২৭৯ থেকে ২৯২, দলিল নং ০২৪৬৮ -২০০৫ সালের। **সম্পত্তি শ্রী প্রসূন কুমার রায় এর নামে।**
চৌহদ্দি : উত্তরে : গৌরাঙ্গ সাহার ভবন ; **দক্ষিণে :** শ্রী অসীম কুমার গোস্বামীর ভবন ; **পূর্বে :** নরেশ চন্দ্র সাহার ভবন; **পশ্চিমে :** ৬ ফুট চওড়া প্রাইভেট রোড।

তারিখ - ১২.০২.২০২৫
স্থান - কল্যাণী

অনুমোদিত অফিসার,
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

ইউনিয়ন ব্যাঙ্ক Union Bank

[রুল-৮(১)]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

রিজিওনাল অফিস : দুর্গাপুর
বেঙ্গল অম্বুজা, ইউসিপি-২৩, সিটি সেন্টার, পিন - ৭১৩২১৬, ফোন : ০৩৪৩-২৫৪৩৯২২

যেহেতু,
ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিতব্য ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৯ সংস্থান অধীনে **২৫.০৭.২০২৪** তারিখে **ঋণগ্রহীতাগণ/জামিনদাতা - শ্রী মহেন্দর রাউত, শ্রীমতী গীতা রাউত** কে নোটিশে উল্লিখিত পরিমাণ **৪,০৩,০৪৪.০০ টাকা** (চার লাখ তিন হাজার চুয়াল্লিশ টাকা) ০৭.১১.২০২৪ অনুযায়ী উল্লিখিত সুদ সহ বকেয়া।
ঋণগ্রহীতা উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা এবং সাধারণের প্রতি অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩(৪) এবং উক্ত রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে **১১.০২.২০২৫** তারিখে নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তির স্বত্ব দখল করেছেন।
ঋণগ্রহীতা/জামিনদাতা/বন্ধকদাতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই সংশ্লিষ্ট সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন **ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ধাদকা শাখা ৪,০৩,০৪৪.০০ টাকা** (চার লাখ তিন হাজার চুয়াল্লিশ টাকা) ০৭.১১.২০২৪ অনুযায়ী উল্লিখিত সুদ সহ বকেয়া।
ঋণগ্রহীতাগণের অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।
জামিনদত্ত সম্পদের বিবরণ : জমি এবং বসবাসের ভবন আরএস প্লট নং ৯৭৫, ৯৭৯, আরএস খতিয়ান নং ১৩৮, জেএল নং ২৭, মৌজা : দক্ষিণ ধাদকা, ওয়ার্ড নং ২৪, হোল্ডিং নং ৬৩৪, আসানসোল পুরসভা অধীন, দান দলিল নং ৫৮০৩/১৯৭৯ এবং পার্টিশন দলিল নং ৩১৬২/২০১৩। **চৌহদ্দি :** উত্তরে : সড়ক; দক্ষিণে : বীরেণ রাউত এর সম্পত্তি; পূর্বে : ব্রহ্মদেও যাদবের সম্পত্তি; পশ্চিমে : ঝাপসি মহাব এর সম্পত্তি।

তারিখ - ১১.০২.২০২৫
স্থান - আসানসোল

অনুমোদিত অফিসার
ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

অ্যাক্সিস ব্যাঙ্ক লি.
এ.সি. মার্কেট বিল্ডিং, ৪র্থ তল, ১ শেক্সপীয়র সরণি, কলকাতা - ৭০০০৭১

দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য)
(২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলসের রুল ৮(১) সহিত পঠিত পরিশিষ্ট IV অনুযায়ী)

যেহেতু, নিম্নস্বাক্ষরকারী, অ্যাক্সিস ব্যাঙ্ক লি.-এর অনুমোদিত অফিসার স্বরূপ সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস রুল ৩ সংস্থান অধীনে নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণকে উক্ত নোটিশ পাওয়ার তারিখ থেকে চুক্তির হার অনুযায়ী সুদ, জরিমান সুদ, চার্জ, শুল্ক ইত্যাদি সহ ৬০ দিনের মধ্যে আদায় দেওয়ার জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণ উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণকে বিশেষভাবে এবং সাধারণকে সাধারণভাবে অবগত করা হচ্ছে উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তির নিম্নোক্ত তারিখ অনুযায়ী নিম্নস্বাক্ষরকারী কর্তৃক স্বত্ব দখলীকৃত হয়েছে।
ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণকে বিশেষভাবে এবং সাধারণকে সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে তারা যেন উক্ত জামিনদত্ত সম্পত্তির কোনরূপ লেনদেন না করতে এবং কোনরূপ লেনদেন অ্যাক্সিস ব্যাঙ্ক লি.-এর নিকট বকেয়া, পরবর্তী সুদ, জরিমানা সুদ, শুল্ক ইত্যাদি দাবি নোটিশের তারিখ থেকে আদায়দান সাপেক্ষ।
ঋণগ্রহীতার অবগতির জন্য জ্ঞাত করা হচ্ছে ২০০২ সালের সারফেসি আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ নির্ধারিত সময়ের মধ্যে আদায় দিয়ে উক্ত জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

ঋণগ্রহীতা/জামিনদাতার নাম এবং ঠিকানা	ক. নোটিশের তারিখ অনুযায়ী বকেয়া পরিমাণ খ. দাবি নোটিশের তারিখ গ. দখলের তারিখ
১. মেসার্স প্রসাদ সন্স, ২৬৮/২/এ, জি টি রোড, লিলুয়া, থানা : লিলুয়া, সোহনলাল দেওরালিয়া গার্লস স্কুল, লিলুয়া, বালি, এর নিকট, হাওড়া পিন ৭১১২০৪। **২. শ্রী তারকেশ্বর প্রসাদ (স্বত্বা.)** পিতা বালেশ্বর প্রসাদ, ৪৭/২০, গঙ্গা কান্ত ভাদুড়ী স্ট্রিট, বালি, হাওড়া , পিন -৭১১২০১। **৩. শ্রী বরুণ কুমার,** পিতা তারকেশ্বর প্রসাদ শাহ, দেব অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং ২০৪, ৩৯, অভয় গুহ রোড, সোহনলাল দেওরালিয়া গার্লস স্কুলের নিকট, লিলুয়া, বালি, হাওড়া, পিন : ৭১১২০৪।	ক) **১১,১৫,৯৯৭ টাকা** লোন এ/সি নং *********** ৭১৪৭, ১৯.০৬.২০২৪ অনুযায়ী (সংশ্লিষ্ট পরিমাণ ৩১.০১.২০২৪ পর্যন্ত প্রযোজ্য সুদ সহ) **৫,৬৫,৭৬৬ টাকা** লোন এ/সি নং *********** ২২৯২, ৩১.০৫.২০২৪ অনুযায়ী (সংশ্লিষ্ট পরিমাণ ৩১.০৫.২০২৪ পর্যন্ত প্রযোজ্য সুদ সহ) খ) **২৭.১১.২০২৪** গ) **১০.০২.২০২৫**

স্থাবর সম্পত্তির বিবরণ (জামিনদত্ত সম্পদ)

সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ আনুমানিক ১ কাঠা ৭ ছটাক কমবেশি এবং তদস্থিত ২০ বছরের পুরানো দোতলা ভবন পরিমাণ আনুমানিক ৮০০ বর্গফুট প্রতি তলে মৌজা : বালি, জেএলনং ১৪, আরএস খতিয়ান নং ২১৮৩, আরএস দাগ নং ১৫৬৭৮, হোল্ডিং নং ৪৭/২০, গঙ্গা কান্ত ভাদুড়ী স্ট্রিট, থানা : বালি, ওয়ার্ড নং ৫৭, স্থানীয় হাওড়া পৌর নিগম অধীন, জেলা : হাওড়া এবং অবিভক্ত সম্পত্তির যথাযথ ভাগ অংশ এবং যাবতীয় সুবিধা এবং পরিষেবা ভোগ দখলের অধিকার সমন্বিত, চৌহদ্দি : উত্তরে : বিজয় শেঠ এর সম্পত্তি/ দক্ষিণে : ৬ ফুট সাধারণ চলার পথ , গঙ্গা কান্ত ভাদুড়ী স্ট্রিট/ পূর্বে : : দেবাশিস ভাদুড়ীর সম্পত্তি/ পশ্চিমে : ৯ ফুট সাধারণ চলার পথ চওড়া গঙ্গা কান্ত ভাদুড়ী স্ট্রিট।

তারিখ : ১৪.০২.২০২৫
স্থান : কলকাতা

অনুমোদিত অফিসার
অ্যাক্সিস ব্যাঙ্ক লি.

অ্যাক্সিস ফিনান্স লিমিটেড
(CIN : U65921MH1995PLC212675)
অ্যাক্সিস হাউস, সি-২, ওয়াদিয়া ইন্টারন্যাশনাল সেন্টার, পাণ্ডুরঙ্গ বুধকর মার্গ, ওরলি, মুম্বই - ৪০০ ০২৫

পরিশিষ্ট IV
[দ্রষ্টব্য রুল -৮(১)]
প্রতীকী দখল নোটিশ
(স্থাবর সম্পত্তির জন্য)
[২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(১) এর সহিত পঠিত পরিশিষ্ট IV]

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **অ্যাক্সিস ফিনান্স লিমিটেড (এএফএল),** অনুমোদিত অফিসার হিসেবে ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে **১৩ নভেম্বর ২০২৪** তারিখে ঋণগ্রহীতা(গণ)/জামিনদাতা(গণ)/বন্ধকদাতা(গণ) **(১) ঘোষ কেবিন** ১১, পাইকপাড়া রাজা মণীন্দ্র রোড, পশ্চিমবঙ্গ - ৭০০০৩৭, **(২) শ্রী শেখর ঘোষ (৩) শ্রী অনুপ কুমার ঘোষ (৪) শ্রী সৌরভ ঘোষ এবং (৫) শ্রী ভানু ঘোষ** ৩৭ডি/১জি, আরএম রোড বেলগাছিয়া, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৩৭ যারা স্থাবর সম্পত্তি বন্ধক রেখেছিল নিম্নে বিস্তারিত মতে উল্লিখিত কে নোটিশে উল্লিখিত পরিমাণ **আইএনআর ৪৬,৪৮,৫২৯ টাকা (ছেচল্লিশ লাখ আটচল্লিশ হাজার পাঁচশ উনত্রিশ টাকা)** ০৫.১১.২০২৪ অনুযায়ী চুক্তি মোতাবেক হারে পরবর্তী সুদ সহ নোটিশ পাওয়ার ৬০ দিনের মধ্যে আদায় দেওয়ার জন্য **দাবি নোটিশ** ইস্যু করেছেন।
ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণ/বন্ধকদাতাগণ বকেয়া পরিশোধে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণ/বন্ধকদাতাগণকে এবং সাধারণের প্রতি বিজ্ঞাপিত হচ্ছে উক্ত আইনের ১৩(৪) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নে উল্লিখিত জামিনদত্ত সম্পত্তি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক **১২ ফেব্রুয়ারি ২০২৫** তারিখে স্বত্ব দখলীকৃত হয়েছে।
ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণ/বন্ধকদাতাগণকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে সংশ্লিষ্ট জামিনদত্ত সম্পত্তির কোনরূপ লেনদেন না করতে। কোনওরূপ লেনদেন অ্যাক্সিস ফিনান্স লিমিটেড-এর নিকট বকেয়া **আইএনআর ৪৬,৪৮,৫২৯ টাকা (ছেচল্লিশ লাখ আটচল্লিশ হাজার পাঁচশ উনত্রিশ টাকা) ০৫.১১.২০২৪** অনুযায়ী চুক্তি মোতাবেক হারে পরবর্তী সুদ, মূল্য, ব্যয় ইত্যাদি সহ অ্যাক্সিস ফিনান্স লি নিকট সম্পূর্ণ পরিশোধ বা উশুল হওয়া পর্যন্ত।
ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণ/বন্ধকদাতাগণের অবগতির জন্য জ্ঞাত করা হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

স্থাবর সম্পত্তির বিবরণ

সংশ্লিষ্ট সকল অংশ একটি দোকান নং ১, পরিমাণ আনুমানিক ৭০০ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া) (আনুমানিক), একতলায় সংশ্লিষ্ট ভবন নাম মোহনা অ্যাপার্টমেন্ট, এবং নির্মিত প্লট বা জমি পরিমাণ আনুমানিক ৮০৩.৫ বর্গফুট, অবস্থিত পুরসভা প্রেমিসেস নং ৬৭/১এ, বি টি রোড (দলিল অনুযায়ী) এবং ৬৭/১এ, বারাকপুর ট্রাঙ্ক রোড (কর নথি অনুযায়ী) থানা : টালা, জেলা দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা পৌর সংস্থার ওয়ার্ড নং ৫ অধীন, পশ্চিমবঙ্গ ৭০০১২০। ভবন/ প্লটের চৌহদ্দি :
পূর্বে : অ্যাকোলি ভবন
পশ্চিমে : বি টি রোড
উত্তরে : রাজা মণীন্দ্র রোড
দক্ষিণে : ৬৭/১এফ, বি টি রোড।

তারিখ : ১২.০২.২০২৫
স্থান : কলকাতা

অনুমোদিত অফিসার
অ্যাক্সিস ফিনান্স লি

ইন্ডিয়ান ব্যাঙ্ক
জোনাল অফিস - চুঁচুড়া, সেনকো বিল্ডিং, ৩য় তল, বালি মোড় ব্যান্ডেল, জেলা - হুগলি, পশ্চিমবঙ্গ - ৭১২১০৩
ফোন নং - (০৩৩) ২৬৮০ ২৯৯০, ই-মেল zochinsurah@indianbank.co.in

পরিশিষ্ট - ৪ (রুল ৮(১))
দখল নোটিশ
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু অনুমোদিত অফিসার ইন্ডিয়ার ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক) ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে নিম্নোক্ত তারিখে নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানের জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা/বন্ধকদাতার প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে নিম্নস্বাক্ষরকারী জামিনদত্ত সম্পত্তি/সমূহের স্বত্ব দখল করেছেন নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে।
ঋণগ্রহীতা/বন্ধকদাতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন ইন্ডিয়ান ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক) নিকট বকেয়া পরিমাণ পরবর্তী সুদ সহ সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অনুযায়ী আদায়দান সাপেক্ষ।
এতদ্বারা জানানো হচ্ছে সারফেসি আইনের ১৩(৮) ধারা সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে যাবতীয় বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

